

# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ৯ম বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ	:	৩১ অক্টোবর, ২০১৭
সময়	:	বেলা ১১-০০ টা
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:-

- আলোচ্যবিষয়-১ঃ ২৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।  
আলোচনা : গত ২৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৭ সালের ৮ম বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।  
সিদ্ধান্ত : সম্মানিত সদস্য কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ এর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৭ সালের ৮ম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

- আলোচ্যবিষয়-২ঃ রজনীগন্ধা সুপার মার্কেট কমিটি গঠন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।  
আলোচনা : গত ২৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয় ২৯ বিবিধ-৪ এর মাধ্যমে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস ও ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার কর্তৃক প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড এর পরামর্শ মোতাবেক রজনীগন্ধা সুপার মার্কেট কমিটি পুনঃগঠনসহ কমিটির কার্যপরিধি সুনির্দিষ্ট করে একটি প্রস্তাব প্রস্তুত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সভায় উপস্থাপিতপ্রস্তাবিত কমিটি ও কমিটির প্রস্তাবিত কার্যপরিধির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।  
সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিতভাবেররজনীগন্ধা সুপার মার্কেট কমিটি ও কমিটির কার্যপরিধি সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্তগৃহীত হলো :-

## ২.১। কমিটিঃ

ক্র নং	নাম ও ঠিকানা	পদবী
১.	সিএমইএস(আর্মি) ঢাকা সেনানিবাস।	সভাপতি
২.	সিও, ১৩ এমপি ইউনিট ঢাকা সেনানিবাস	সদস্য
৩.	মেজর কাজী মোজাম্মেল হোসেন এসএসও-৩, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।	সদস্য
৪.	মেজর এস এম হাবিব ইবনে জাহান এসটিও, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।	সদস্য
৫.	নির্বাহী প্রকৌশলী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	সদস্য
৬.	রেভিনিউ অফিসার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	সদস্য
৭.	ষ্টোর অফিসার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	সদস্য
৮.	হাজী মোঃ কামাল হোসেন অনিক জুয়েলার্স, দোকান নং-ডি/৩৪, রজনীগন্ধা সুপার মার্কেট।	সদস্য
৯.	জনাব মাহবুব খান দোকান নং-ডি/৫৩, রজনীগন্ধা সুপার মার্কেট।	সদস্য

১০.	জনাব মোঃ দিদার আলম দোকান নং-সি/১২৭, রজনীগন্ধা সুপার মার্কেট।	সদস্য
১১.	হাজী শামসুল হক ভূইয়া স্বর্ণালী ফেব্রিকস ও স্বর্ণালী জুয়েলার্স দোকান নং-পাকা/২০, রজনীগন্ধা সুপার মার্কেট ঢাকা সেনানিবাস।	সদস্য
১২.	জনাব মোঃ সিরাজুল বেপারী মাছের আড়ৎ-৪, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস।	সদস্য
১৩.	আবু ইলিয়াস রব্বানী লিখন দোকান নং-ই/৫, রজনীগন্ধা সুপার মার্কেট	সদস্য
১৪.	হাজী আব্দুল মতিন রেডিমেট ট্রেড, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস।	সদস্য
১৫.	জনাব মোঃ মোহসীনুল ইসলাম সিদ্দিকী দোকান নং-সি/১১৪, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা ক্যান্টনঃ	সদস্য
১৬.	ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার ঢাকা সেনানিবাস।	সদস্য সচিব

## ২.২। কমিটির প্রস্তাবিত কার্যপরিধি :

- (১) রজনীগন্ধা সুপার মার্কেট কমিটি বাজারের নিয়ম শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করতে ক্যান্টনমেন্ট বোর্ডকে সহায়তা করা।
- (২) বাজারের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার বিষয়ে নিশ্চিত করা।
- (৩) বাজারের অসাধু ব্যবসায়ী চিহ্নিত করে তাদের আইনের আওতায় আনার সহযোগিতা করা।
- (৪) কমিটির নৈশ প্রহরী/ঝাড়ুদার ও অন্যান্য কর্মীদের বেতনের চাঁদা বাজারের ব্যবসায়ীদের নিকট হতে আদায়ের ব্যবস্থা/নিশ্চিত করা।
- (৫) বাজারের বিভিন্ন গলি/রাস্তায় বসা হকারদের উচ্ছেদ কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা করা।
- (৬) মার্কেটের দোকানের সম্মুখে বারান্দায় জন চলাচলের সুবিধার্থে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে কার্যক্রম গ্রহণ করা।
- (৭) বাজারে আকস্মিক মোবাইল কোর্ট পরিচালনার সময় বাজার কমিটি কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা দলকে সহযোগিতা করা।
- (৮) বাজারের উন্নয়ন সম্পর্কিত বিষয়ে কমিটি কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রস্তাব আকারে অবহিত করা।
- (৯) বাজারের নিয়ম শৃঙ্খলা/নিরাপত্তা সম্পর্কে সাপ্তাহিক প্রতিবেদন ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করা।
- (১০) বাজারের বিভিন্ন ব্লকের জরাজীর্ণ দোকানের সংস্কার/মেরামতের বিষয়ে সুপারিশ এর মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করা।
- (১১) বাজারের দ্রব্য মূল্যের দর যাচাইয়াস্তে সাপ্তাহিক প্রতিবেদন ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করা।
- (১২) বাজারের ব্যবসায়ীগণের মধ্যে ঝগড়া বিবাদ সৃষ্টি হলে তা কমিটি কর্তৃক সালিশের মাধ্যমে নিষ্পত্তি করে ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করা।
- (১৩) ক্রেতা সাধারণের সাথে দোকানদার কর্তৃক অসদাচারন অথবা ব্যবসায়ী কর্তৃক ক্রেতা সাধারণের নিকট দ্রব্যের বিক্রয় মূল্যের অধিক চাওয়া/অভিযোগ উত্থাপিত হলে তা যাচাইয়াস্তে নিষ্পত্তি/মিমাংসার করা।
- (১৪) বাজারে আগত ক্রেতা সাধারণের মালামাল গ্রহণকারীদেরকে (মিনতি/টোকাই) শৃঙ্খলার মধ্যে আনা। প্রতিদিন তাদের উপর মনিটরিং করে প্রতি ০৩ (তিন) দিন অন্তর অন্তর ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করা।
- (১৫) এছাড়া ক্যান্টনমেন্ট বোর্ডের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা করা।

আলোচ্যবিষয়-৩ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান বরাদ্দের নীতিমালা সংশোধন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৫.২ নং সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ০৫ জানুয়ারি ২০১৭ তারিখের ঢাক্যাবো/মিরঃডিওএইচএস/অঃকাঃশঃকঃ/০৩/৯৮ নং পত্রের মাধ্যমে মিরপুর ডিওএইচএস অফিস কাম-শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ৩০(ত্রিশ) বছর মেয়াদে বরাদ্দের নীতিমালা অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে উক্ত নীতিমালা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। অতঃপর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ২২ অক্টোবর ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০২৭.১৪.০৮৫.১৬.১১৬-৩১ নং পত্রের সাথে প্রাপ্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৬ অক্টোবর ২০১৭ তারিখের ২৩.০০.০০০০.০৯০.২২.৩৮.১৭.৪০৬ নং পত্রে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের অফিস কাম-শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ইজারা/বরাদ্দের জন্য একটি স্বয়ং সম্পূর্ণ এবং আদর্শ নীতিমালা প্রস্তুত করে প্রেরণের নিমিত্ত নীতিমালাটি ফেরত প্রদান করেছেন। উক্ত পত্রসমূহ সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান বরাদ্দের নীতিমালা সংশোধন করতঃ একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রস্তুতের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো :-

১.	কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস	--	সভাপতি
২.	১ × প্রতিনিধি সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর	--	সদস্য
৩.	১ × প্রতিনিধি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর।	--	সদস্য
৪.	১ × প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস	--	সদস্য
৫.	১ × প্রতিনিধি, বিএনএস হাজী মহসীন	--	সদস্য
৬.	১ × প্রতিনিধি, বিএএফ বেস বাশার	--	সদস্য
৭.	হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড	--	সদস্য
৮.	রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড	--	সদস্য
৯.	নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড	--	সদস্য সচিব

আলোচ্যবিষয়-৪ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারদের বকেয়া বিল পরিশোধ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স নির্মাণ কাজের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অত্র দপ্তরের ১৭ এপ্রিল ২০১১ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/১১৯৫/৫০ নং পত্রের মাধ্যমে কার্যাদেশ প্রদান করা হয়। জমির শ্রেণী পরিবর্তনের জন্য জটিলতার কারণে কাজ শুরু পর তা স্থগিত করা হয়। জমির শ্রেণীর পরিবর্তনের জটিলতা নিরসনের পর পুনরায় ২৩ জানুয়ারি ২০১৩ তারিখে কাজ শুরু করে। কাজ শুরুর পর ফান্ড স্বল্পতার কারণে ঠিকাদারকে চাহিদাকৃত বিল যথাযথভাবে পরিশোধ করতে না পারায় ঠিকাদার কাজ সম্পন্ন করতে অনাগ্রহ প্রকাশ করে। ফলে কাজে বিলম্ব হয়। শপিং কমপ্লেক্সের কাঠামোগত নির্মাণ কাজসহ ইতোমধ্যে মার্কেটে টাইলস, গ্লাস, এলকোপ্যানেল স্থাপন সম্পন্ন করা হয়েছে। বর্তমানে লিফট, এসকেলেটর, সেন্দ্রাল এসি ও ফায়ার ফাইটিং স্থাপন কাজসহ ফিনিসিং কাজ চলমান। লিফট, এসকেলেটর, এসির চিলারসহ অন্যান্য মালামাল ইতোমধ্যে নির্মাণ সাইটে এসে পৌঁছেছে এবং স্থাপন কাজ চলছে। কার্যাদেশ অনুযায়ী প্রকল্প ব্যয় ৬৭,৭০,০২,৬৫৬/- (সাতষাট কোটি সত্তর লক্ষ দুই হাজার ছয়শত ছাপ্পান্ন) টাকা। কাঠামোগত পরিবর্তন, ইলেকট্রোমেকানিক্যাল রুম, এলকোপ্যানেল, টাইলস ইত্যাদি অতিরিক্ত কাজের ব্যয় ধরা হয়েছে ২৫,১৯,৬৫,৮১৩/- (পঁচিশ কোটি উনিশ লক্ষ পঁয়ষাট হাজার আটশত তের) টাকা যা চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। সে হিসেবে প্রকল্পের মোট ব্যয় দাঁড়াবে ৯২,৮৯,৬৮,৪৬৯/- (বিরানবই কোটি উননবই লক্ষ আটষাট হাজার চারশত উনসত্তর) টাকা। তন্মধ্যে ঠিকাদারদেরকে চলতি বিল বাবদ মোট এ পর্যন্ত ৪৪,৬১,০০,৪৩৪/- (চুয়াল্লিশ কোটি একষাট লক্ষ চারশত চৌত্রিশ) টাকা পরিশোধ করা হয়েছে। কিন্তু বর্তমানে ফান্ড স্বল্পতার কারণে মার্কেটের ফান্ড হতে বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় শপিং কমপ্লেক্সের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে ঠিকাদারদের অবশিষ্ট (৯২,৮৯,৬৮,৪৬৯-৪৪,৬১,০০,৪৩৪) = ৪৮,২৮,৬৮,০৩৫/- (আটচল্লিশ কোটি আটশ লক্ষ আটষাট হাজার পঁয়ত্রিশ) টাকার বিল পরিশোধ করা প্রয়োজন। বিষয়টি



অবগতি ও পরবর্তী নির্দেশনার জন্য সেনাসদর, কিউএমজি'র শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। বিষয়টির উপর স্টেশন সদর দপ্তরে স্টেশন কমান্ডার মহোদয়ের সভাপতিত্বে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনাক্রমে সভাকে অবহিত করা হয় যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর নির্মাণ কাজ ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে শেষ করার জন্য মাননীয় সেনাবাহিনী প্রধান কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে নির্মাণ কাজের সাথে সম্পৃক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথেও আলোচনা করা হয়েছে। বকেয়া বিল হতে আপাততঃ পঁনের কোটি টাকা পরিশোধ করা হলে তারা নির্মাণ কাজ সম্পন্ন করতে সম্মত হয়েছেন। কিন্তু দোকান/স্পেস ইজারা বাবদ প্রাপ্য অর্থ এই সময়ের মধ্যে আদায় হবে না মর্মে প্রতীয়মান হয়। উল্লেখ্য যে, ইতোপূর্বে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স নির্মাণ কাজের বিল পরিশোধের জন্য ডেভলপার সিকিউরিটি ফান্ড (ফেরতযোগ্য) হতে ৪(চার) কোটি টাকা এবং রজনীগন্ধা টাওয়ার ফান্ড ৩.৫০ (সাত্বে তিন) কোটি টাকা সর্বমোট ৭.৫০ (সাত্বে সাত) কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ প্রসঙ্গে আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ফেরতযোগ্য জামানত হিসেবে ডেভলপার সিকিউরিটি ফান্ড, তালিকাভুক্ত ঠিকাদার জামানত ফান্ড, রজনীগন্ধা টাওয়ার ফান্ড এবং মহাখালী শপিং কমপ্লেক্স ফান্ড (সেনাকল্যাণ সংস্থা হতে জমির প্রিমিয়াম বাবদ প্রাপ্ত অর্থ) এ নিম্নবর্ণিত অর্থ এফডিআর আকারে জমা আছেঃ-

ক্রমিক নং	ফান্ডের নাম	এফডিআরকৃত টাকার পরিমাণ
১.	ডেভলপার সিকিউরিটি ফান্ড (ফেরতযোগ্য)	৬,৩০,০০,০০০/-
২.	তালিকাভুক্ত ঠিকাদারদের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য)	২,০০,০০,০০০/-
৩.	রজনীগন্ধা টাওয়ার ফান্ড	১,০০,০০,০০০/-
৪.	মহাখালী শপিং কমপ্লেক্স ফান্ড (সেনাকল্যাণ সংস্থা হতে জমির প্রিমিয়াম বাবদ প্রাপ্ত অর্থ)	১,৬৩,৬৫,৬০০/- (স্থিতি- ৩৬,৩৪,৪০০/-)

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মাননীয় সেনাবাহিনী প্রধানের নির্দেশনা মোতাবেক বোর্ডের স্বার্থে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর নির্মাণ কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন ফান্ডে ফেরতযোগ্য জামানত হিসেবে জমাকৃত এফডিআর ভেঙ্গে সংশ্লিষ্ট ফান্ড হতে নিম্নবর্ণিতভাবে সর্বমোট ১০ (দশ) কোটি টাকা ঋণ হিসেবে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স ফান্ডে এবং ০১(এক) কোটি টাকা ঋণ হিসেবে পানির লাইন স্থাপনের বিল প্রদানের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ডে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং গৃহীত ঋণ দোকান/স্পেস ইজারার অর্থ আদায় করে দ্রুততর সময়ের মধ্যে সংশ্লিষ্ট ফান্ডে জমা করার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

ক্রমিক নং	ফান্ডের নাম	এফডিআরকৃত টাকার পরিমাণ	প্রস্তাবিত ঋণের পরিমাণ
১.	ডেভলপার সিকিউরিটি ফান্ড (ফেরতযোগ্য)	৬,৩০,০০,০০০/-	৬,০০,০০,০০০/-
২.	তালিকাভুক্ত ঠিকাদারদের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য)	২,০০,০০,০০০/-	২,০০,০০,০০০/-
৩.	রজনীগন্ধা টাওয়ার ফান্ড	১,০০,০০,০০০/-	১,০০,০০,০০০/-
৪.	মহাখালী শপিং কমপ্লেক্স ফান্ড (সেনাকল্যাণ সংস্থা হতে জমির প্রিমিয়াম বাবদ প্রাপ্ত অর্থ)	১,৬৩,৬৫,৬০০/- (স্থিতি- ৩৬,৩৪,৪০০/-)	২,০০,০০,০০০/-
মোট =			১১,০০,০০,০০০/-

আলোচ্যবিষয়-৫ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর অতিরিক্ত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স নির্মাণ কাজের অনুমোদিত মূল্যানুমান বহির্ভূত ২৫,২০,৬২,৩১৫/- (পঁচিশ কোটি বিশ লক্ষ বাষট্টি হাজার তিনশত পঁনের) অতিরিক্ত কাজের মূল্যানুমান অত্র দপ্তরে দাখিল করা হয়। উক্ত অতিরিক্ত কাজের মূল্যানুমান সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস, মিরপুর শপিং কমপ্লেক্স এর নিয়োজিত কনসালটেন্ট ও এমআইএসটি কর্তৃক ভেটিং করা হয়েছে।

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিংকৃত মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর অতিরিক্ত কাজের ২৪,৮৫,৯২,০৮৩/- (চব্বিশ কোটি পঁচিশ লক্ষ বিরানব্বই হাজার তিরিশি) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ পূর্বক দরপত্র আহ্বানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

## আলোচ্যবিষয়-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর :

ক্র. নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা	ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা	মন্তব্য
১.	প্লট নং-৭২, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ-পশ্চিম), রোড নং-৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১)মেজর জেনাঃ ডাঃ মোঃ নাসির উদ্দিন(অবঃ), পিতা- সৈয়দ আলী বিশ্বাস ও (২) ডাঃ রওশন আরা মেজর জেনাঃ ডাঃ মোঃ নাসির উদ্দিন (অবঃ), বাড়ী নং-৮১১, সড়ক নং-১১, এডিনিউ-৬, ডিওএইচএস মিরপুর, ঢাকা সেনানিবাস। তারিখ-০৮/০২/২০১৭।	(১) মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান, পিতা-অধ্যাপক মৃত মোঃ আজিজুর রহমান ও (২) ডাঃ মোসাঃ আমেনা খাতুন, স্বামী-মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান বর্তমান, ঠিকানাঃ- বাংলাদেশ মিলিটারী একাডেমী, ভাটিয়ারি, চট্টগ্রাম।	২১/৯/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০১.২১.০ ৯.১৭-৪৯৮১ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৪৫২ বর্গফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই।
২.	প্লট নং-৩০/এফ, ফ্ল্যাট নং-৩/৩ (৩য় তলা দক্ষিণ-পশ্চিম), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মেজর (অবঃ) মোঃ শফিউল আলম ভূইয়া, বাড়ী নং-৪৩/ই, ফ্ল্যাট নং-৩/এ, রোড নং-৮, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ- ৩০/১০/২০১৬	জনাব এস এম কামরুজ্জামান, পিতা- মৃত রাশেদ মোল্লা, বর্তমান ঠিকানা-হোল্ডিং নং- ২১/৪০, ফ্ল্যাট নং-৪/ডি, দক্ষিণ কালিবাড়ী কলেজ রোড, বিলটুলী, ফরিদপুর।	০৮/১০/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০৩.০২৮.০১.০৮. ১০.১৭ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৮৭৫ বর্গফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই।
৩.	প্লট নং-২৯, ফ্ল্যাট নং-এ/৪ (৫ম তলা), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস শাহীন কাওছার, স্বামী-মোঃ শাহ আলম, বাড়ী নং-২৯, ফ্ল্যাট নং-এ/৪, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তারিখ-৩১/১/২০১৭	(১) জনাব মোহাম্মদ মানিক মিঞা, পিতা- মোহাম্মদ আমীন উল্লা ও (২) তাবাসসুম ফারুকী, স্বামী-মোহাম্মদ মানিক মিঞা, বর্তমান ঠিকানা- বাড়ী নং-২৩/বি, ফ্ল্যাট নং-২০৪, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস	০৪/১০/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০৩.০২৮.০১.০৪.১ ০.১৭ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৯৬৪ বর্গফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই।
৪.	প্লট নং-১৬/সি, ফ্ল্যাট নং-৩০৩(৩য় তলা পূর্ব) রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব এম এন হুদা, ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভেলপারস লিমিটেড (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-১৬/সি, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তারিখ-০৮/০২/২০১৭।	জনাব মোঃ নূরুল হুদা, পিতা-মোঃ নাদেরের জামান বাড়ী নং-১৬/সি, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	৩১/৭/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০৩.০২৮.০১.৩০. ০৭.১৭/২ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৫০০ বর্গফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই।
৫.	প্লট নং-৩০/ই, ফ্ল্যাট নং-বি/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ), রোড নং-৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস রাখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী, বাড়ী নং-৩০/ই, রোড নং-৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৪/০৯/২০১৭	খাদিজা জিয়াউদ্দিন, পিতা-কে জিয়াউদ্দিন, বাড়ী নং-৩০/ই, রোড নং-৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	ডিক্লারেশন অব হেবা	ফ্ল্যাটের আয়তন ১৫৪৭ বর্গফুঃ (বেজ মেটে ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।



৬.	প্লট নং-১৫/এ, ফ্ল্যাট নং-৪/এ (৫ম তলা উত্তর), রোড নং-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মেজর (অবঃ) মোঃ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, রুফ ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ, মিসেস রাবেয়া খাতুন এর নিযুক্ত আম- মোক্তার। তারিখঃ ১০/৭/২০১৭	ডাঃ ব্রিগেঃ জেনাঃ শেখ রুহুল আমিন (অবঃ), পিতা-মৃত শেখ কোরবান আলী, ফ্ল্যাট#৬/বি, উপায়ন, আজিজ পল্লী, ঢাকা সেনানিবাস।	২৪/৯/২০১৬ তারিখের ২৩.০১.২০১৮.০০. ০২.১২.১.০১.২৪.০ ৯.১৭-১০০৪৭৯	ফ্ল্যাটের আয়তন ৩৬০০ বর্গফুট ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০২টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি এবং অননুমোদিত নির্মাণ নেই।
----	--	---	---	--	--

আলোচনা :

- ৬.১। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডে ৭২ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৬ষ্ঠ তলার পশ্চিম-দক্ষিণ পার্শ্বের ১৪৫২ বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৫ নং ফ্ল্যাট নিচতলায় ১টি কার পার্কিং এবং ১৫ এর ১ অংশ অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর যৌথ মালিক (১) মেজর জেনারেল (ডাঃ) মোঃ নাসির উদ্দিন, পিতা- সৈয়দ আলী বিশ্বাস ও (২) ডাঃ রওশন আরা, স্বামী-মেজর জেনারেল (ডাঃ) মোঃ নাসির উদ্দিন তাঁদের ফ্ল্যাটটি (১) মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান, পিতা-অধ্যাপক মৃত মোঃ আজিজুর রহমান ও (২) ডাঃ মোসাঃ আমেনা খাতুন, স্বামী-মেজর আবু সালেহ মোঃ তৌফিকুর রহমান, বর্তমান ঠিকানাঃ-বাংলাদেশ মিলিটারী একাডেমী, ভাটিয়ারি, চট্টগ্রাম এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ২১ আগস্ট ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।
- ৬.২। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ৩০/এফ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৩য় তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ১৮৭৫ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩/৩ নং ফ্ল্যাট নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর মালিক মেজর (অবঃ) মোঃ শফিউল আলম ভূইয়া, পিতা-মমতাজ উদ্দিন ভূইয়া তাঁর ফ্ল্যাটটি জনাব এস এম কামরুজ্জামান, পিতা-মৃত রাশেদ মোল্লা, বর্তমান ঠিকানাঃ হোল্ডিং নং-২১/৪০, ফ্ল্যাট নং- ৪/ডি, দক্ষিণ কালীবাড়ী কলেজ রোড, ঝিলটুলী, পরিদপুর এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ৩০ অক্টোবর ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।
- ৬.৩। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ২৯ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৫ম তলার ১৯৬৪ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৪ নং ফ্ল্যাট নিচতলায় ১টি কার পার্কিং এবং (১০ এর ১ অংশ) ৫৪৪.৫ বর্গফুট অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর মালিক মিসেস শাহিন কাওসার, স্বামী-মোঃ শাহ আলম উক্ত ফ্ল্যাটটি জনাব (১) জনাব মোহাম্মদ মানিক মিঞা, পিতা-মোহাম্মদ আমীন উল্লা ও (২) তাবাসসুম ফারুকী, স্বামী-মোহাম্মদ মানিক মিঞা, বর্তমান ঠিকানা-বাড়ী নং-২৩/বি, ফ্ল্যাট নং-২০৪, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ৩১ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।
- ৬.৪। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডে ১৬/সি নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৩য় তলার পূর্ব পার্শ্বের ১৫০০ বর্গফুট বিশিষ্ট ৩০৩ নং ফ্ল্যাট নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর মালিক জনাব এম এন হুদা, ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভেলপারস লিমিটেড (মিসেস মনোয়ারা চৌধুরী এর নিযুক্তীয় আম-মোক্তার) উক্ত ফ্ল্যাটটি কোম্পানীর নিকট হতে নিজের নামে অর্থ্যাৎ জনাব মোঃ নুরুল হুদা, পিতা-মোঃ নাদেরের জামান এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য ফ্ল্যাটটির মালিক জনাব এম এন হুদা, ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভেলপারস লিমিটেড (মিসেস মনোয়ারা চৌধুরী এর নিযুক্তীয় আম-মোক্তার) ০৮ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।
- ৬.৫। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৬৮৮৫ বর্গফুট বা ৯.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৩০/ই নং প্লটটির রেকর্ডীয় মালিক মিসেস রোখাইয়া ওরফে রোকাইয়া ফতেহ আলী, স্বামী-ফতেহ আলী। উক্ত প্লটে ডেভেলপার কোম্পানী কর্তৃক ১৫(পনের) টি ফ্ল্যাট বিশিষ্ট ০৭(তলা) ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত ভবনের মালিক মিসেস রোখাইয়া ওরফে রোকাইয়া ফতেহ আলী এর অংশের ৬ষ্ঠ তলার দক্ষিণ দিকের কমবেশী-১৫৪৭ বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৫ নং ফ্ল্যাট এবং বেজমেন্টে ০১টি কারপার্কিং (পার্কিং নং-পি-১৪) ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ তাঁর নাতনী খাদিজা জিয়াউদ্দিন, পিতা- কে. জিয়াউদ্দিন, মাতা-নাসরিন জিয়াউদ্দিন কে হেবা/দান করার অনুমতি চেয়ে ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

৬.৬। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডে ১৫/এ নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ৫ম তলার উত্তর পার্শ্বের ৩৬০০ বর্গফুট বিশিষ্ট ৪/এ নং ফ্ল্যাট নিচতলায় ২টি কার পার্কিং (পার্কিং নং-৪/এ-১ ও ৪/এ-২) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ ডাঃ ব্রিগেডিয়ার জেনারেল শেখ রুহুল আমিন(অবঃ), পিতা-মৃত শেখ কোরবান আলী, বর্তমান ঠিকানাঃ- ফ্ল্যাট নং-৬/বি, উপায়ন, আজিজপল্লী, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য ফ্ল্যাটটির মালিক মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, রুফ ডেভলপমেন্ট প্রাঃ লিঃ (মিসেস রাবেয়া খাতুন এর নিযুক্তীয় আম-মোক্তার) ১০ জুলাই, ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।

সিদ্ধান্ত ৪

বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত প্লট/ফ্ল্যাটগুলোর মালিকানা সংক্রান্ত নথি ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মাধ্যমে যাচাই-বাছাই করতঃ সঠিক পাওয়া গেলে এবং কোন অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে না থাকলেপ্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৭ঃ

ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ৪:-

ক্র. নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা	গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ	ডিজিএফআইএর ছাড়পত্র /রেজিস্ট্রিকৃত হেবাদলিলমুলে	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
১.	প্লট নং-৫৬, ফ্ল্যাট নং-৫/বি (৫ম তলা, পশ্চিম পার্শ্ব) রোড নং-০৭ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১)জনাব ইকবাল ইলিয়াস সামী ও (২) কানিজ ফাতেমা, সর্বপিতা-মরহুম ইলিয়াস ইউসুফ সামী, বাড়ী নং-৫৬, রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	ব্রিগেডিয়ার জেনারেল কাজী তৌফিকুল ইসলাম, পিতা-মরহুম কাজী নুরুল ইসলাম ও (২) ইসরাত জাহান চৌধুরী, পিতা-আমির আলী চৌধুরী, বাড়ী নং-৫৬, ফ্ল্যাট নং-বি/৫ (৫ম তলা পশ্চিম পার্শ্ব), রোড নং-৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৭/৭/২০১৭	০১/১২/২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০২.১২১.০১.০ ৮.১২.১৬-৩৪৩৬ নং পত্র।	২০/০২/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৫৬/ফ্ল্যাট নং-বি/৫(৫ম তলা)/৩৪ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ২০৬০ বর্গফুট (নিচ তলায় ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।
২.	প্লট নং-১৬/এফ, ফ্ল্যাট নং-৫/বি (৬ষ্ঠ তলা পশ্চিম পার্শ্ব), রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মুহাম্মদ সাজেদুল আলম পিতা-মরহুম খোরশেদ আলম, বাড়ী নং-১৬/এফ, ফ্ল্যাট নং-বি/৫(৬ষ্ঠ তলা পশ্চিম পার্শ্ব), রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস আমেনা মতিন, স্বামী-মোহাম্মদ তারেক, বাড়ী নং-১৬/এফ, ফ্ল্যাট নং-এ/১, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-৬/৪/২০১৭	০১/১২/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১.০ ১.১২.১৬ নং পত্র।	২০/২/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১৬/এফ/ফ্ল্যাট নং-বি/৫(৬ষ্ঠ তলা)/৫১ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৩৬০ বর্গফুট (নিচ তলায় ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।
৩.	প্লট নং-৩০/ই, ফ্ল্যাট নং-এ/৪ (৫ম তলা), রোড নং-৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী, বাড়ী নং-৩০/ই, রোড নং-৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	খাদিজা জিয়াউদ্দিন, পিতা-কে জিয়াউদ্দিন, বাড়ী নং-৩০/ই, রোড নং-৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৪/০৯/২০১৭	রেজিস্ট্রিকৃত হেবাদলিল নং-৫৫৮৪, তারিখ-২৩/৮/২০১৭	২০ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৩০/ই/ফ্ল্যাট নং-এ/৪, এ/৫ ও এ/৬/৬০ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৫৯০ বর্গফুট (নিচ তলায় ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।

৪.	প্লট নং-৩০/ই, ফ্ল্যাট নং-এ/৫ (৬ষ্ঠ তলা), ও এ/৬(৭ম তলা) রোড নং- ৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী, বাড়ী নং- ৩০/ই,রোড নং- ৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	ইনসিয়াহ খোজাইমা জিয়াউদ্দিন, পিতা- খোজাইমা জিয়াউদ্দিন, বাড়ী নং-৩০/ই, রোড নং-৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৪/০৯/২০১৭	রেজিস্ট্রিকৃত হেবা দলিল নং- ৫৫৮৩,তারিখ- ২৩/৮/২০১৭	২০ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যা ঃবাঃএঃ/৩০/ ই/ফ্ল্যাট নং- এ/৪, এ/৫ ও এ/৬/৬০ নং পত্র।	ফ্ল্যাট নং-এ/৫(৬ষ্ঠ তলা) আয়তন ১৫৯০ বর্গফুট ও ফ্ল্যাট নং-এ/৬(৭ম তলা) আয়তন ২৩৯০ বর্গফুট, (নিচ তলায় ০২(দুই) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।
----	---	---	--	--	---	--

## আলোচনা :

- ৭.১। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডে ৫৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ২০৬০ (দুই হাজার ষাট) বর্গফুট আয়তন বিশিষ্ট ৫/বি (৫ম তলা পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বোর্ডসভার অনুমোদনক্রমে অত্র দপ্তরের ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৫৬/ফ্ল্যাট নং-বি/৫(৫ম তলা)/৩৪ নং পত্রের মাধ্যমে (১) ব্রিগেডিয়ার জেনারেল কাজী তৌফিকুল ইসলাম, পিতা-মরহুম কাজী নুরুল ইসলাম ও (২) ইসরাত জাহান চৌধুরী, পিতা-আমির আলী চৌধুরী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাটটি তাদের নামে যৌথভাবে নামজারী করার জন্য ১৭ জুলাই ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।
- ৭.২। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডে ১৬/এফ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ১৩৬০ (এক হাজার তিনশত ষাট) বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৫(৬ষ্ঠ তলা পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বোর্ডসভার অনুমোদনক্রমে অত্র দপ্তরের ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-১৬/এফ/ফ্ল্যাটনং-বি/৫(৬ষ্ঠ তলা)/৫১ নং পত্রের মাধ্যমে মিসেস আমেনা মতিন,স্বামী-মোহাম্মদ তারেক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাটটি তাদের নামে নামজারী করার জন্য ০৬ এপ্রিল ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।
- ৭.৩। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং (নাজির রোড) রোডে ৩০/ই নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ১৫৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৪ (৫ম তলা)নং ফ্ল্যাটটি ও নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ বোর্ডসভার অনুমোদনক্রমে অত্র দপ্তরের ২০ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ /প্লট নং-৩০/ই/ফ্ল্যাট নং-এ/৪, এ/৫ ও এ/৬/৬০ নং পত্রে খাদিজা জিয়াউদ্দিন, পিতা-কে জিয়াউদ্দিন এর নিকট হেবা দলিলমূলে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী প্রস্তাবিত দান/হেবা গ্রহনকারী খাদিজা জিয়াউদ্দিন, পিতা-কে জিয়াউদ্দিন এর নামে রেজিস্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির হেবা/দান সূত্রে মালিক খাদিজা জিয়াউদ্দিন, পিতা-কে জিয়াউদ্দিন রেজিস্ট্রিকৃত হেবা দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাটটি তার নামে নামজারী করার জন্য ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।
- ৭.৪। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং (নাজির রোড) রোডে ৩০/ই নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ১৫৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৫ (৬ষ্ঠ তলা)নং ফ্ল্যাট ও ২৩৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৬ (৭ম তলা) নং ফ্ল্যাট এবং নিচতলায় ২(দুই) টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ বোর্ডসভার অনুমোদনক্রমে অত্র দপ্তরের ২০ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৩০/ই/ফ্ল্যাট নং-এ/৪, এ/৫ ও এ/৬/৬০ নং পত্রে ইনসিয়াহ খোজাইমা জিয়াউদ্দিন, পিতা খোজাইমা জিয়াউদ্দিন এর নিকট হেবা দলিলমূলে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী প্রস্তাবিত দান/হেবা গ্রহনকারী ইনসিয়াহ খোজাইমা



জিয়াউদ্দিন, পিতা খোজাইমা জিয়াউদ্দিন এর নামে রেজিস্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাট ০২(দুই) টির হেবা/দান সূত্রে মালিক ইনসিয়াহ খোজাইমা জিয়াউদ্দিন, পিতা-খোজাইমা জিয়াউদ্দিন রেজিস্ট্রিকৃত হেবা দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাট ০২(দুই) টি তার নামে নামজারী করার জন্য ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

**সিদ্ধান্ত :** প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত প্লট/ফ্ল্যাটগুলোর মালিকানা সংক্রান্ত নথি ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মাধ্যমে যাচাই-বাছাই করতঃ সঠিক পাওয়া গেলে এবং কোন অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে না থাকলে রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যবিষয়-৮ঃ** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত বাড়ীর ১০৯০ বর্গফুট জমি বিশিষ্ট ২য় তলার (উত্তর পশ্চিম পার্শ্বের) ২/বি নং ফ্ল্যাটের জনাব বিমল কান্তি সরকার এর অংশ তাঁর মেয়ে দেবযানী সরকারকে হেবা করার অনুমতি প্রসংগে।

**আলোচনা :** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লটে নির্মিত ৬(ছয়) তলা বাড়ীর ১০৯০ বর্গফুট জমি বিশিষ্ট ২য় তলার (উত্তর পশ্চিম পার্শ্বের) ২/বি নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কারপার্কিং ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি এর যৌথ মালিক (১) জনাব বিমল কান্তি সরকার, পিতা-মৃত শ্রীশ চন্দ্র সরকার, (২) দেবযানী সরকার, পিতা-বিমল কান্তি সরকার, স্বামী-সুবীর কুমার চৌধুরী ও (৩) ঐশ্বর্য তিলোত্তমা, পিতা-ডাঃ বিপুল সরকার। উক্ত ফ্ল্যাটটির জনাব বিমল কান্তি সরকার, পিতা-মৃত শ্রীশ চন্দ্র সরকার এর অংশটুকু তাঁর মেয়ে দেবযানী সরকার, স্বামী-ডাঃ বিপুল চৌধুরীকে রেজিস্ট্রিকৃত দানপত্রের মাধ্যমে হস্তান্তর করার অনুমতি চেয়ে ০৫ মার্চ ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনপত্রটি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬ নং প্লট এবং উক্ত প্লটে নির্মিত ২/বি নং ফ্ল্যাটের মালিকানা সংক্রান্ত নথি ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মাধ্যমে যাচাই-বাছাই করতঃ সঠিক পাওয়া গেলে এবং কোন অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে না থাকলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে রেজিস্ট্রিকৃত দলিলমূলে নিজ কন্যার অনুকূলেদান করার অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যবিষয়-৯ঃ** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২০ নং প্লটে নির্মিত ৭(সাত) তলা বাড়ীর মালিকের অংশের ০৯(নয়)টি ফ্ল্যাট ০১(এক) ছেলে ও ০৩(তিন) মেয়েকে হেবা/দান করার অনুমতির বিষয়ে মিসেস মেহেরননেছা এর ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা :** ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৮৯০ বর্গফুট বা ১৫ কাঠা জমি বিশিষ্ট ২০ নং প্লটের মালিক মিসেস মেহেরননেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ। উক্ত প্লটের পূর্বাংশের ১২.৫০(সাড়ে বার) কাঠা ভূমির উপর ডেভেলপার কর্তৃক ২৪ টি ফ্ল্যাট ০২ (দুই) ইউনিট বিশিষ্ট ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত নির্মিত ভবনের প্লট মালিকের অংশে ১৪(চৌদ্দ)টি ফ্ল্যাট রয়েছে। মালিকের অংশের ১৪ (চৌদ্দ)টি ফ্ল্যাটের মধ্যে ০৯(নয়) টি ফ্ল্যাট নিশ্চলভাবে তার এক ছেলে এবং তিন মেয়েকে হেবা/দান করার অনুমতি চেয়ে মিসেস মেহেরননেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখে আবেদন করেছেনঃ-

ক্রঃ নং	নাম	ফ্ল্যাট নং	ফ্ল্যাটের আয়তন	মন্তব্য
১।	জনাব আলমগীর মহিউদ্দিন	(১) ফ্ল্যাট নং-ডুপ্লেক্স-বি/১ (গ্রাউন্ড ফ্লোর এবং ফাষ্ট ফ্লোর পশ্চিম পার্শ্ব বিল্ডিং)	২৫০০ বর্গফুট	০১ টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি
		(২) ফ্ল্যাট নং-এ/১ এবং বি/১ (ফাষ্ট ফ্লোর পূর্ব পার্শ্ব বিল্ডিং)	৩৪০০ বর্গফুট	০২ টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি
২।	আজিজুন নাহার	ফ্ল্যাট নং-এ/৩ এবং বি/৩ (থার্ড ফ্লোর পশ্চিম পার্শ্ব বিল্ডিং)	৩৪০০ বর্গফুট	০২ টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি
৩।	রুবাব আব্দুল্লাহ	ফ্ল্যাট নং-এ/২ এবং বি/৪ (সেকেন্ড ফ্লোর এবং ফোর্থ ফ্লোর পশ্চিম পার্শ্ব বিল্ডিং)	৩৪০০ বর্গফুট	০২ টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি

৪।	সুয়াদ আবদুল্লাহ	ফ্ল্যাট নং-বি/২ এবং এ/৪ (সেকেন্ড ফ্লোর এবং ফোর্থ ফ্লোর পশ্চিম পার্শ্ব বিল্ডিং)	৩৪০০ বর্গফুট	০২ টি কারপা কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি
----	------------------	--	-----------------	--

সিদ্ধান্ত :

বিষয়টি উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২০ নং প্লট এবং উক্ত প্লটে নির্মিত ফ্ল্যাটের মালিকানা সংক্রান্ত নথি ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মাধ্যমে যাচাই-বাছাই করতঃ সঠিক পাওয়া গেলে এবং কোন অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে না থাকলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে রেজিস্ট্রিকৃত দলিলমূলে নিজ সন্তানদের অনুকূলে দান করার অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১০ঃ

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৬ নং প্লটে নির্মিত ৭(সাত) তলা বাড়ীর মালিকের অংশের ০২(দুই)টি ফ্ল্যাট হেবা/দান করার অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৬ নং প্লটে নির্মিত ৭(সাত) তলা বাড়ীর ৫ম তলার-৫/বি নং ফ্ল্যাটের মালিক বুশরা রুবাইয়াৎ, ৩য় তলার ৩/বি নং ফ্ল্যাটের মালিক সুমাইয়া বিনতে জামান ও ৫ম তলার ৫/এ নং ফ্ল্যাটের মালিক তাসনুভা আমরীন জামান, সর্বপিতা-মরহুম এস বি জামান। উক্ত ফ্ল্যাটের মালিকগণ তাদের ০৩(তিন)টি ফ্ল্যাট একতাই ও এক বোনকে নিম্নোক্তভাবে ডিক্লারেশন অব হেবা দলিল করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন :-

ক্রঃ নং	ফ্ল্যাট মালিকের নাম (দাতার নাম)	গ্রহীতার নাম (প্রস্তাবিত)	ফ্ল্যাট নং	ফ্ল্যাটের আয়তন	মন্তব্য
১।	বুশরা রুবাইয়াৎ	জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের	৫ম তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং- ৫/বি	২০৫০ বর্গফুট	নিচ তলায় ০১ টি কারপা কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি
২।	সুমাইয়া বিনতে জামান	জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের	৩য় তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং-৩/বি	২০৫০ বর্গফুট	নিচ তলায় ০১ টি কারপা কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি
৩।	তাসনুভা আমরীন জামান সর্বপিতা-মরহুম এস বি জামান	বুশরা রুবাইয়াৎ সর্বপিতা-মরহুম এস বি জামান	৫ম তলার উত্তর পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং-৫/এ	২০৫০ বর্গফুট	নিচ তলায় ০১ টি কারপা কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি

সিদ্ধান্ত :

বিষয়টি উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৬ নং প্লট এবং উক্ত প্লটে নির্মিত ফ্ল্যাটের মালিকানা সংক্রান্ত নথি ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মাধ্যমে যাচাই-বাছাই করতঃ সঠিক পাওয়া গেলে এবং কোন অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে না থাকলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে রেজিস্ট্রিকৃত দলিলমূলে নিজ সন্তানদের অনুকূলে দান করার অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১১ঃ

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং প্লটে বাড়ীর নির্মাণ ও অন্যান্য যাবতীয় কার্যাদি সম্পন্ন করার জন্য ডেভেলপার কোম্পানী মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড-কে আম-মোজারনামা প্রদানের অনুমতি প্রসঙ্গে।

আলোচনা :

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০৮৯০ বর্গফুট বিশিষ্ট ১০ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর উত্তরাধিকারী সূত্রে যৌথ মালিক (১) জনাব মোহাম্মদ হাসান ইকবাল, (২) জনাব এম হাসান ইকরাম, (৩) জনাব মোঃ হাসান ইউসুফ ও (৪) বেগম সুফিয়া ইসলাম, সর্বপিতা-মরহুম এ কে এম মোস্তাফিজুর রহমান। উক্ত প্লটে বাড়ী নির্মাণসহ যাবতীয় কার্যাদি সম্পাদনের জন্য মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড ডেভেলপার কোম্পানীকে আম-মোজারনামা প্রদানের অনুমতি চেয়ে মালিকগণ ০৮ অক্টোবর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উক্ত আম-মোজারনামা প্রদানের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত :

বিষয়টি উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং প্লট এবং উক্ত প্লটে নির্মিত ফ্ল্যাটের মালিকানা সংক্রান্ত নথি ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মাধ্যমে যাচাই-বাছাই করতঃ সঠিক পাওয়া গেলে এবং কোন অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে না থাকলে মোমেন রিয়েল এস্টেট লিমিটেড এর অনুকূলে আম-মোজারনামা (Power of Attorney) প্রদানের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ৩১ টি দোকানের ইজারা বাতিলের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এ মোট ১৫৪ (একশত চুয়ান্ন)টি দোকান/স্পেস রয়েছে। উক্ত দোকান/স্পেস সমূহের মধ্যে ১৪৫ টি দোকান/স্পেস ইজারা/বরাদ্দ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ১৪৫ টি দোকান/স্পেসের মধ্যে ৩১ টি দোকান/স্পেস এর সালামীর টাকা পরিশোধ করার জন্য বারবার পত্র দেয়া সত্ত্বেও ইজারা গ্রহীতাগণ কোন কিস্তির টাকা পরিশোধ করেননি। সর্বশেষ উক্ত ৩১ টি দোকান/স্পেস এর জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে ইজারা বাতিল এর পত্র প্রদান করা হয়েছে। দোকানসূহের তালিকা নিম্নে প্রদত্ত হলো ঃ-

ক্র/নং	ইজারা গ্রহীতা/ সর্বোচ্চ দরদাতার নাম	দোকান নম্বর	দোকানের আয়তন	মোট টাকা
১.	জনাব খলিলুর রহমান	১ম তলা-২০	১১৬.৭৬	২৭৮০০০০.০০
২.	ক্যাপ্টেন (অবঃ) সাখাওয়াত হোসেন	২য় তলা-০১	১৩৪.৪৫	২৬৮৮৮৬৬.০০
৩.	জনাব মোঃ মশিউর রহমান (নতুন)	২য় তলা-৩	১২১.৭৬	২১৯১৬৮০.০০
৪.	জনাব মোঃ আলমগীর হোসেন চৌধুরী (নতুন)	২য় তলা-৯	১৩৪.৪৫	২২১৮৪২৫.০০
৫.	কমাঃ শফিকুল ইসলাম	২য় তলা-২৪	১২১.৭৩	২৪৩৪৪৭৮.০০
৬.	মিসেস উলফাত আরা	২য় তলা-৩১ (কিউএমজি)	১৩২.৪৯	৭০২১৯৭.০০
৭.	জেসমিন আহমেদ (নতুন)	৩য় তলা-১	১৩৪.৪৫	২৪২০১০০.০০
৮.	দিলরুবা খানম (নতুন)	৩য় তলা-২	১৩৪.৪৫	২৪২০১০০.০০
৯.	জনাব মোঃ মশিউর রহমান (নতুন)	৩য় তলা-৯	১৩৪.৪৫	২০৯০৬৯৭.০০
১০.	সুরাইয়া বিনতে মাহবুব	৩য় তলা-১১	১৩৬.৬৫	২০৯০৭৪৫.০০
১১.	দিলরুবা খানম	৩য় তলা-১২	১৩৬.৬৫	২০৯০৭৪৫.০০
১২.	মেজর মোঃ ইউসুফ মোড়ল (নতুন)	৩য় তলা-১৫	১৩৬.৬৫	২৫২৮০২৫.০০
১৩.	জনাব মোঃ জিয়াউল হাসান	৩য় তলা-২২	১৩৬.৬৫	২১৩১৭৪০.০০
১৪.	জনাব মোঃ মশিউর রহমান (নতুন)	৩য় তলা-২৭	১৩৮.৪১	২২৮৩৭৬৫.০০
১৫.	জনাব মোঃ বেলাল হোসেন	৩য় তলা-৩৩	১৪২.৮০	২৪৪৫৭৩৫.৬০
১৬.	জনাব মোঃ জান্নাতুল ফেরদৌস	৪র্থ তলা-১	১৩৪.৪৫	১৯৫২২১৪.০০
১৭.	জনাব মোঃ জান্নাতুল ফেরদৌস	৪র্থ তলা-২	১৩৪.৪৫	১৯৫২২১৪.০০
১৮.	জনাব কবির আহমেদ	৪র্থ তলা-৩	১২১.৭৬	১৮৫০৭৫২.০০
১৯.	এল সি পি এল জাহিদ কামাল	৪র্থ তলা-৪	১২১.৭৬	১৮২৬৫২২.০০
২০.	জাহানারা আক্তার	৪র্থ তলা-১৩	১৩৩.৭৬	২৪২১০৫৬.০০
২১.	জনাব মোঃ মাসুদুর রহমান	৪র্থ তলা-১৭	১৩৬.৬৫	১৯৯৭৮২৩.০০
২২.	জনাব মোঃ জান্নাতুল ফেরদৌস	৪র্থ তলা-১৮	১৩৬.৬৫	১৯৯৭৮২৩.০০
২৩.	জনাব মোঃ সামসুল হক ভূইয়া	৪র্থ তলা-২০	১৩৩.৭৬	২৪২১০৫৬.০০
২৪.	মোঃ তহিদুল ইসলাম	৪র্থ তলা-২১	১৩৬.৬৫	১৯৮৪১৫৮.০০
২৫.	হোসনে আর বেগম	৪র্থ তলা-২২	১৩৬.৬৫	২০৩৭৩১৪.০০
২৬.	মেহজাবিন মোজাফ্ফর মিতু	৪র্থ তলা-২৭	১৩৮.৪১	২০৩৪৪৬৫.০০
২৭.	জনাব মিজানুর রহমান	৪র্থ তলা-২৯	১০৩.৯৬	১৫৮৯২২১.০০
২৮.	জনাব মোঃ মোজাফ্ফর হোসেন ভূইয়া	৪র্থ তলা-৩১	১৩২.৪৯	২০০৩১১৬.০০
২৯.	জনাব শফি উল্লাহ ভূইয়া	৪র্থ তলা-৩২	১৪২.৮০	২২১৩৪০০.০০
৩০.	ডাঃ জিল্লুর হাসান রনি	৫ম তলা/লাভ-০১	--	৫৯৬৩৬২৫.০০
৩১.	ডাঃ ইশরাত আরা জাহান জিমী	৫ম তলা/ডেন্টালচেঃ২	--	৪৭৫২৪৫০.০০
মোট =				৭,২৫,১৪,৫০৭.৬০

সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা টাওয়ার এর উপরোল্লিখিত ৩১ টি দোকানের ইজারা বাতিলসহ নিরাপত্তা জামানত হিসেবে অর্থ ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বাজেয়াপ্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। আলোচ্য ৩১টি দোকান জরুরী ভিত্তিতে ইজারা প্রদানের জন্য দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

- আলোচ্যবিষয়-১৩ঃ রজনীগন্ধা টাওয়ার এর ২য় তলার-৬ নং দোকানের ইজারা দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ০৯(নয়) টি দোকান/স্পেস ইজারা প্রদানের জন্য দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৯ অক্টোবর ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে ২য় তলার ১২৭.৫৫ বর্গফুট বিশিষ্ট ৬ নং দোকানের জন্য জনাব মোঃ ইমাম উদ্দিন, পিতা- মৃত মোঃ আসন আলী কর্তৃক প্রতি বর্গফুট ১৬,২০৫/- (ষোল হাজার দুইশত পাঁচ) টাকা হারে মোট ২০,৬৬,৯৪৭.৮০ (বিশ লক্ষ ছেষট্টি হাজার নয়শত সাতচল্লিশ টাকা আশি পয়সা) টাকার একটিমাত্র দরপত্র পাওয়া যায়। জনাব মোঃ ইমাম উদ্দিন কর্তৃক প্রদত্ত ২০,৬৬,৯৪৭.৮০ (বিশ লক্ষ ছেষট্টি হাজার নয়শত সাতচল্লিশ টাকা আশি পয়সা) টাকার দরটি অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা টাওয়ার এর ২য় তলার-৬ নং দোকানের জন্য জনাব মোঃ ইমাম উদ্দিন, পিতা- মৃত মোঃ আসন আলী কর্তৃক দাখিলকৃত প্রতি বর্গফুট ১৬,২০৫/- (ষোল হাজার দুইশত পাঁচ) টাকা হারে মোট ২০,৬৬,৯৪৭.৮০ (বিশ লক্ষ ছেষট্টি হাজার নয়শত সাতচল্লিশ টাকা আশি পয়সা) টাকার দরটি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।
- আলোচ্যবিষয়-১৪ঃ রজনীগন্ধা টাওয়ার কারপার্কিং এর ০৫(পাঁচ) দিনের টোল/ভাড়া মওকুফের বিষয়ে ইজারা গ্রহীতা জনাব মোঃ বেলাল হোসেন এর ০৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- আলোচনা : রজনীগন্ধা টাওয়ার পার্কিং ০১ জানুয়ারি ২০১৭ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত দৈনিক ৭,০১৫/- (সাত হাজার পঁনের) টাকা হারে জনাব মোঃ বেলাল হোসেন, পিতা-মৃত হাজী নজীর আহম্মেদকে ইজারা প্রদান করা হয়। তিনি ০৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখের আবেদনে জানান যে, ৩০ আগস্ট ২০১৭ তারিখ হতে ৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত পার্কিং স্থানে ঈদ উল আযহা উপলক্ষে কোরবানী পশু (গরু-ছাগলের) হাট বসানোর কারণে পার্কিং এর টোল আদায় করতে পারে নাই বিধায় উক্ত ০৫(পাঁচ) দিনের ভাড়া মওকুফ করার জন্য আবেদন করেছেন।
- সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঈদ-উল-আযহা উপলক্ষে কোরবানীর পশুর হাট বসানোর কারণে রজনীগন্ধা টাওয়ার কার পার্কিং এর ৩০ আগস্ট ২০১৭ তারিখ হতে ০৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) দিনের টোল/ভাড়া (৭,০১৫/- X ৫) ৩৫,০৭৫/- (পঁয়ত্রিশ হাজার পাঁচাত্তর) টাকা মওকুফের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যবিষয়-১৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা রেজিনা মাহমুদ এর চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- আলোচনা : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৫ মার্চ ২০০৭ তারিখের ৩/এমএলএডসি/কন/১৬২-২/১৮০ নং পত্রের মাধ্যমে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা সম্মানী ভাতা প্রদান সাপেক্ষে ০১ (এক) বছরের জন্য বেগম রেজিনা মাহমুদ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা হিসেবে নিয়োগ প্রদান করা হয়। পরবর্তীতে মেয়াদ উত্তীর্ণের পর বোর্ড সিদ্ধান্তের আলোকে কয়েক দফা মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। ২৯ অক্টোবর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৫ এর সিদ্ধান্ত মোতাবেক আইন উপদেষ্টার সম্মানী ভাতা মাসিক ১৬,০০০/- (ষোল হাজার) টাকা ধার্য করে ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়। মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পরবর্তীতে ২৬ নভেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৯ নং আলোচ্যবিষয় এর সিদ্ধান্তের আলোকে মাসিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা সম্মানীতে ০১ জানুয়ারি ২০১৬ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা হয়। যার মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে উত্তীর্ণ হবে। এপ্রেক্ষিতে বেগম রেজিনা মাহমুদ ১০ অক্টোবর, ২০১৭ তারিখে আইন উপদেষ্টার মেয়াদ ও সম্মানী ভাতা বৃদ্ধির জন্য আবেদন করেছেন। আবেদনপত্রটি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।
- সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের চুক্তি ভিত্তিক আইন উপদেষ্টা বেগম রেজিনা মাহমুদ এর নিয়োগের মেয়াদ ০১ জানুয়ারি, ২০১৮ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য মাসিক সর্বসাকুল্যে ২০,০০০/- (বিশ হাজার) টাকা সম্মানীতে বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক ভবনের ভাড়া চুক্তির মেয়াদ ০৫(পাঁচ) বছর করার বিষয়ে ৫/৭/২০১৭ তারিখের রজনীগন্ধা/মোহাআহোতা/ভবন ভাড়া/নবায়ন/২০১৭ নং পত্রটি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

আলোচনা ৪ রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ৩,৩৩৯ বর্গফুট বিশিষ্ট ভবনটি ০১ জুলাই, ২০১২ তারিখ হতে ৩০ জুন, ২০১৫ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য প্রতি বর্গফুট ৪০/- (চল্লিশ) টাকা হিসেবে মাসিক ১,৩৩,৫৬০/- টাকায় জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট শাখার নিকট ভাড়া প্রদান করা হয়। উক্ত ভাড়ার মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গত ০৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৩০ নং আলোচ্যসূচীর সিদ্ধান্তের আলোকে প্রতি বর্গফুট ৫০/- (পঞ্চাশ) টাকা হারে মাসিক ১,৬৬,৯৫০/- (এক লক্ষ ছেষট্টি হাজার নয়শত পঞ্চাশ) টাকায় ০১ জুলাই ২০১৫ তারিখ হতে ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ভাড়ার মেয়াদ বৃদ্ধি করা হয়। উল্লেখ্য যে, উক্ত নির্ধারিত ভাড়া হতে ৫% উৎসকর কর্তন করে ব্যাংক কর্তৃপক্ষ ১,৫৮,৬০২.৫০ (এক লক্ষ আটান্ন হাজার ছয়শত দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা চাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করেন। ভাড়ার চুক্তির মেয়াদ ৩০ জুন ২০১৭ তারিখে উত্তীর্ণ হবে বিধায় জনাব মোঃ আনোয়ার হোসেন তালুকদার, সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখা, ঢাকা ২২ মার্চ, ২০১৭ তারিখে রজনীগন্ধা/মোআহোতা/শাখা ভবন/ভাড়া চুক্তি/নবায়ন/১৭ নং পত্রে ভাড়ার চুক্তি মেয়াদ নবায়ন করার জন্য অত্র দপ্তরকে অনুরোধ করেন। বিষয়টি ২৬ এপ্রিল ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১২ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ৪

“বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক ভবনটি প্রতি বর্গফুট মাসিক ১০০/- (একশত) টাকা ভাড়ায় ০১ জুলাই ২০১৭ তারিখ হতে ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য ভাড়া প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।”

উক্ত সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ০৭ মে ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৭৮/৩৪২ নং পত্রে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব মোঃ আনোয়ার হোসেন তালুকদার, সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ ব্যাংক ভবনের ভাড়া প্রতি বর্গফুট ১০০/- (একশত) টাকা নির্ধারণ করা হলে ব্যয় নির্বাহ করা দুরূহ হয়ে পড়বে এবং ভাড়া ন্যূনতম পর্যায়ে রাখা ও মেয়াদ কমপক্ষে ০৫(পাঁচ) বছর করার জন্য অনুরোধ জানান। বিষয়টি ৩১ মে ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড বিস্তারিত আলোচনান্তে মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৭০/- (সত্তর) টাকা হারে ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত ভাড়া প্রদানের সিদ্ধান্ত প্রদান করে বিষয়টি অত্র দপ্তরের ৭ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৭৮/৩৪৭ নং পত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলে জনাব মোঃ আনোয়ার হোসেন তালুকদার, সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক ০৫ জুলাই ২০১৭ তারিখের আবেদনে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করার জন্য অনুরোধ জানান ৪-

- (১) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যাংকের বোর্ড অব ডিরেক্টর্স কর্তৃক ভাড়া চুক্তিপত্রের মেয়াদ কমপক্ষে ০৫(পাঁচ) বছর নির্ধারণের নির্দেশনা আছে।
- (২) বর্তমানে প্রস্তাবিত ভবন ভাড়া প্রতি বর্গফুট ৭০/- টাকা হতে কমিয়ে পূর্বের ভাড়া বৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখা।
- (৩) বাংলাদেশ সরকারের রাজস্ব বোর্ড এর নথি নং-০৮.০১.০০০০.০০০.০৩.০০৩.২০১২/৭২ তারিখ ১২/৮/২০১২ এর ১৫ নং ক্রমিকে বর্ণিত আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩/এ বিধির সংশোধিত নির্দেশনা অনুযায়ী ব্যাংক কর্তৃক প্রদত্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৪০৮/১২, তারিখ ১৬/১০/২০১২ ইং মোতাবেক ৫% উৎসে কর বাড়ীওয়ালা/ভবন মালিক কর্তৃপক্ষ ভাড়ার অংকের উপর প্রদানযোগ্য।

সিদ্ধান্ত ৪ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে এবং বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ব্যাংক ভবনটি জনতা ব্যাংক লিমিটেড-কে প্রতি বর্গফুট মাসিক ৭০/- (সত্তর) টাকা ভাড়ায় ০১ জুলাই, ২০১৭ তারিখ হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত ০৫(পাঁচ) বছর মেয়াদে ভাড়া প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।



আলোচ্যবিষয়-১৭ঃ বীর মুক্তিযোদ্ধা হিসেবে মিরপুর ডিওএইচএস এলাকার ১৯৮ নং বাড়ীর হোল্ডিং ট্যাক্স মওকুফের বিষয়ে উক্ত বাড়ীর মালিক মেজর মোঃ হাবিবুর রহমান এর ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখের আবেদনপত্রটি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

আলোচনা : মেজর মোঃ হাবিবুর রহমান মুক্তিযোদ্ধা হিসেবে মিরপুর ডিওএইচএস এলাকার ১৯৮ নং বাড়ীর হোল্ডিং ট্যাক্স মওকুফ করার জন্য ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত, শহীদ মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মুক্তিযোদ্ধা হিসেবে কর মওকুফের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন-২) এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত, শহীদ মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের মালিকানাধীন ইমারত বা জমিতে তাঁহাদের নিজস্ব বসবাসকৃত অংশের উপর হোল্ডিং কর এবং অন্যান্য প্রকৃত মুক্তিযোদ্ধাগণের বসবাসের নিজস্ব মালিকানাধীন হোল্ডিং এ অবস্থিত ইমারত বা জমির উপরস্থিত ১,০০০ (এক হাজার) বর্গফুট আয়তন পর্যন্ত ফ্ল্যাটের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে না; তবে শর্ত থাকে যে, মুক্তিযোদ্ধাদের মালিকানাধীন ইমারত বা জমির কোন অংশ বাণিজ্যিক বা ভাড়াই বা লাভজনক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ইমারত বা জমির অংশের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন-২) এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের শর্তানুযায়ী মিরপুর ডিওএইচএস এলাকার ১৯৮ নং বাড়ীর শুধুমাত্র নিজ বসবাসের অংশের গৃহকর মওকুফের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৮ঃ রজনীগন্ধা টাওয়ার এর ২য় তলার-০৭ নং দোকানের ইজারা গ্রহীতা লেঃ কর্ণেল মোঃ আমিনুল হক (অবঃ) এর ১২ সেপ্টেম্বর ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' দোকানসমূহ সামরিক কোর্টায় ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান করা হলে ১২.৭৬ বর্গফুট আয়তন বিশিষ্ট ২য় তলার-০৭ নং দোকানের জন্য লেঃ কর্ণেল মোঃ আমিনুল হক (অবঃ) কর্তৃক প্রদত্ত প্রতি বর্গফুট ২১,০০০/- (একুশ হাজার) টাকা হারে মোট ২৫,৫৬,৯৬০/- (পঁচিশ লক্ষ ছাপান্ন হাজার নয়শত ষাট) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত সালামীর টাকা পরিশোধ করায় অত্র দপ্তরের ২৫ নভেম্বর ২০১৪ তারিখের ঢাক্যাবো/রঃগঃসঃমাঃ/রঃটাঃ/২য়তলা/০৭/১১ নং পত্রে ০১/১২/২০১৪ তারিখ হতে ৩০/১১/২০২৪ তারিখ পর্যন্ত ১০(দশ) বছর মেয়াদে লেঃ কর্ণেল মোঃ আমিনুল হক (অবঃ) কে ইজারা প্রদান করা হয়। এ প্রসঙ্গে আলোচনাক্রমে জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ারে সামরিক কোর্টায় ০৭(সাত)টি দোকান ইজারা প্রদান করা হয়েছে। ইজারা গ্রহীতা লেঃ কর্ণেল মোঃ আমিনুল হক (অবঃ) ১২/৯/২০১৭ তারিখের আবেদনে জানান যে,

- (ক) দোকান হস্তান্তর/বিক্রয় পূর্বানুমতি ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং উত্তরাধিকার/দানের ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার স্থলে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ পত্রে উল্লেখ করা হয়েছে।
- (খ) দোকান বরাদ্দ ১০(দশ) বছর উত্তীর্ণ হলে বোর্ডের বিবেচনা সাপেক্ষে সর্বমোট সালামীর ১৫% অর্থ নবায়ন ফি জমা করতে হবে তা বরাদ্দ পত্রে উল্লেখ নেই।
- (গ) উক্ত দোকানটি হস্তান্তর তারিখ হতে বরাদ্দের তারিখ নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা টাওয়ারে সামরিক কোর্টায় ইজারাকৃত ০৭(সাত)টি দোকান বিক্রয়/হস্তান্তর ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং উত্তরাধিকার/দানের ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পুনর্বহাল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন) টি গ্রুপ টয়লেট ইজারার প্রাপ্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩ (তিন) টি গ্রুপ টয়লেট ১/৮/২০১৭ তারিখ হতে ৩০/৬/২০১৮ তারিখ পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক পত্রিকায় ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করে ২০ জুলাই ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে ০৪(চার) টি দরপত্র পাওয়া যায়। এরমধ্যে একজন দরদাতার পে-অর্ডার সংযুক্ত না করায় এবং অভিযোগের প্রেক্ষিতে প্রাপ্ত দরপত্রসমূহ বাতিল করা হয়। পরবর্তীতে ১৬/৮/২০১৭ তারিখ হতে ৩০/৬/২০১৮ তারিখ পর্যন্ত সময়ের জন্য ৮/৮/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে উক্ত তারিখে কোন দরপত্র পাওয়া যায়নি। পুনরায় ২০/৮/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে মোট ০৪(চার) টি দরপত্র পাওয়া যায়। পূর্বের অভিযোগকারী জনাব মোঃ সাজিদুর রহমান কর্তৃক পূর্বে ক্রয়কৃত দরপত্র দাখিল

করায় প্রাপ্ত দরপত্র বাতিল করা হয়। পরবর্তীতে ২৫/১০/২০১৭ তারিখ হতে ৩০/৬/২০১৮ তারিখ পর্যন্ত সময়ের জন্য (৮ মাস ০৭ দিন) ২৫/১০/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী- জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক প্রদত্ত ৫,৪০,০০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকা দরটি সর্বোচ্চ হয়। এমতাবস্থায়, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩ (তিন) টি গ্রুপ টয়লেট ইজারার জন্য মেসার্স তাওসীন এন্টারপ্রাইজ, প্রাঃ- জনাব মোঃ কামাল হোসেন এর দাখিলকৃত ৫,৪০,০০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকার দরটি অনুমোদনের বিষয়ে সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন) টি গ্রুপ টয়লেট ইজারার জন্য মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী- জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক দাখিলকৃত ৫,৪০,০০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২০: মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্সের ৮ম তলার ১০ নং বাতিলকৃত দোকানের জমাকৃত জামানত রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ৩য় তলার ২১ নং দোকানের সালামী বাবদ সমন্বয়/পরিশোধ প্রসংগে শারমিন বিনতে সিদ্দিক, স্বামী-শহীদ মেজর জেনাঃ মোঃ রফিকুল ইসলাম, পিএসসি এর ১৭ অক্টোবর ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস অফিস কাম-শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ৮ম তলার ১০ নং দোকানটির জন্য বেগম শারমিন বিনতে সিদ্দিক, স্বামী- শহীদ মেজর জেনারেল মোঃ রফিকুল ইসলাম, পিএসসি কর্তৃক মোট ১৬,২৬,৩৫০/- (ষোল লক্ষ ছাব্বিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দোকানের সালামীর টাকা পরিশোধ করার জন্য বারবার পত্র প্রদান করার পরও কোন কিস্তির টাকা পরিশোধ করেননি। উক্ত টাকা পরিশোধ না করায় ১৯ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩৪বিবিধ-১ এর সিদ্ধান্তে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জামানত বাজেয়াপ্ত করে দোকানটির ইজারা বাতিল করা হয়। বেগম শারমিন বিনতে সিদ্দিক, স্বামী-শহীদ মেজর জেনাঃ মোঃ রফিকুল ইসলাম, পিএসসি রজনীগন্ধা টাওয়ার এর ৩য় তলার ২১ নং দোকানের ইজারা গ্রহীতা। মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের বাতিলকৃত দোকানের জমাকৃত জামানত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ৩য় তলার ২১ নং দোকানের সালামী বাবদ সমন্বয়/পরিশোধ করার জন্য ১৭ অক্টোবর ২০১৭ তারিখের আবেদন করেছেন।

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে দোকান বরাদ্দের নীতিমালা অনুযায়ী একটি দোকানের বিপরীতে জমাকৃত জামানত অন্য একটি দোকানের ইজারার জন্য হস্তান্তর করার অবকাশ নেই বিধায় আবেদনটি বিবেচনা করা গেল না। বিষয়টি আবেদনকারীকে অবহিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত ডেভেলপার কোম্পানী জিটিসি রিয়েলিটি রিসোর্স (প্রাঃ) লিমিটেড কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : জনাব মুহাম্মদ মুজিবুর হোসেইন, ব্যবস্থাপনা পরিচালক, জিটিসি রিয়েলিটি রিসোর্স (প্রাঃ) লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ৯৪৪ ও ১২৬৪ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ ৪,০০,০০০/- (তিন লক্ষ) টাকা অত্র দপ্তরে জমা করেছেন। সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে বাড়ীর মালিককে বুঝিয়ে দিয়েছেন মর্মে ছাড়পত্রসহ জামানত বাবদ জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ফেরত চেয়ে ০৯ মার্চ, ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটির বিষয়ে অত্র দপ্তরের ১৯ মার্চ ২০১৭ তারিখের ঢাক্যাবো/ডেঃভোঃ/জিটিসিঃ/রিঃরিঃপ্রাঃ/৬৮ নং পত্রে উক্ত প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ৩০ এপ্রিল ২০১৭ তারিখে বিডি/এলসি/২৪৪/২০১২/১২৬৪/১৮ নং পত্রে বর্ণিত বিষয়ে কোন অভিযোগ/আপত্তির তথ্য নেই মর্মে জানান। জিটিসি রিয়েলিটি রিসোর্স (প্রাঃ) লিমিটেড ডেভেলপার কোম্পানীর ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের বিষয়ে ০৯ মার্চ, ২০১৭ তারিখের আবেদনপত্রটি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে প্লট/ফ্ল্যাট মালিক এবং মিরপুর ডিওএইচএস পরিষদ এর অনাপত্তি সাপেক্ষে জিটিসি রিয়েলিটি রিসোর্স (প্রাঃ) লিমিটেড কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।



আলোচ্যবিষয়-২২ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রঃ নং	প্লট মালিকের নাম	প্লট নম্বর	ঠিকানা	এমইও'র ছাড়পত্রের তারিখ	মন্তব্য
১.	মেজর (অবঃ) আবু মোঃ ফেরদৌস চৌধুরী	৪৬১	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীণ পরিবর্তন: ২য় তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট এবং নিচতলায় ৪টি পার্কিং এর স্থলে ৬টি পার্কিং দেখানো হয়েছে।)
২.	(১) বিগেঃ জেনাঃ (অবঃ) নুর মোহাম্মদ নুর ইসলাম (২) লেঃ কর্ণেল (অবঃ) মেজবাহ উদ্দিন আহমেদ	৫০৫ ৫০৭	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীণ পরিবর্তন: ২য় ও ৬ষ্ঠ তলা ৪ ইউনিট, ৫০৫ নং প্লটে ৩য় তলায় এক ইউনিট, ৫০৭ নং প্লটে দুই ইউনিট, ৪র্থ ও ৫ম তলায় দুই ইউনিটে রূপান্তর)
৩.	মিসেস লতা রহমান	৪৮১	মহাখালী ডিওএইচএস	২১/৯/ ২০১৭	সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীণ পরিবর্তন- নিচতলায় জেনারেটর রুম, কেয়ারটেকার রুম, ড্রাইভার ওয়েটিং রুম এর অবস্থান পরিবর্তন)
৪.	হালিমা বেগম গং	সিবি- ৮৯, ৯০	কচুক্ষেত পুরান বাজার এলাকা		নতুন ০৭ তলা ভবন
৫.	মিসেস মালিহা চৌধুরী	সিবি- ২৭৩/২	কচুক্ষেত পুরান বাজার এলাকা		Setback ঠিক রেখে পশ্চিম পার্শ্বে ০৫ তলা পর্যন্ত বর্ধিতকরণ (Horizontal Extension)

আলোচনা :

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ০৫ টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত :

২২.১। সভায় বিস্তারিত আলোচনা শেষে Land point of view-তে ডিওএইচএস সমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-২২ এর ক্রমিক নং-৪ এর ০১টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

২২.২। ক্রমিক নং-১, ২, ৩ ও ৫ এ উল্লেখিত ০৪টি প্লটে আভ্যন্তরীণ পরিবর্তনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে। উল্লেখ্য যে, নির্মাণাধীন ভবনের অননুমোদিত নির্মাণ অপসারণ সাপেক্ষে আভ্যন্তরীণ পরিবর্তনের নকশা অনুমোদন করা হবে।



## আলোচ্যবিষয়-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ৪-

ক্রমিক নং	কাজের নাম	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা)	ব্যয়ের খাত	মন্তব্য
১.	সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের বিদ্যুৎ উপ-কেন্দ্রের পিএফআই মেরামতকরণ কাজ।	১,৩৮,৪২৫/-	হাসপাতালের নৈমিত্তিক খাত	এসকেএমসিবিজিএইচ এর ২৪/৯/২০১৭ তারিখের ১২১ নং পত্র।
২.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ, ভবন- ০১ এর চতুর্থ তলা দক্ষিণ পার্শ্বের ০৭ নং ফ্ল্যাটের মেরামত ও সংস্কার কাজ।	৯০,০৮৪/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত	
৩.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/এ-১৪ নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রং চুনকামকরণ কাজ।	৫৩,৬৫৯/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত	
৪.	জিয়া কলোনী এমপি চেকপোস্টের একটি রোড বেরিয়ার মেরামত কাজ।	৬৫,০০০/-	রাস্তাঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত	আর্মি এমপি ইউনিটের অফিস অফিসারের অনুরোধ
৫.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ভবন নং-৪৮/এ (পুরাতন) নিচতলা (দক্ষিণ পার্শ্ব) মেরামত কাজ।	৩৪,৩৮০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	২৯/৫/২০১৭ তারিখের আবেদনপত্র।
৬.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোড ও তৎসংলগ্ন ত্রিকোণা পার্ক উন্নয়ন ও ০২টি আধুনিক খেলনা স্থাপন।	৭,২৬,৪৮৩/-	বোর্ড তহবিল	
৭.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ৫২/বি(২য় তলা পূর্ব পার্শ্ব) মেরামত কাজ।	৩১,৪২২/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	১১/৫/২০১৭ তারিখের আবেদনপত্র
৮.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ৫২/এ-১ মেরামত কাজ।	৩৭,২০৯/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	৩০/৪/২০১৭ তারিখের আবেদনপত্র
৯.	রজনীগন্ধা টাওয়ার এর ৮০০ এম্পস্ সার্কিট ব্রেকার পরিবর্তন ও ক্যাবল মেরামত কাজ।	২,২৯,৯৫৭/-	বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ	
১০.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ৬৪/আই মেরামত ও সংস্কার কাজ।	৫২,৪৩০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	
১১.	বনানী ডিওএইচএস এর ৫ নং রোড মেরামতসহ কার্পেটিং (এ্যাসফাল্ট প্ল্যাটের সাহায্যে) কাজ।	২৪,৬৮,৮৯৫/-	সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল/বোর্ড তহবিল	
১২.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং ৬৫/ডি- ১ মেরামত ও সংস্কার কাজ।	৫০,২৪০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	
১৩.	মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ৬০ প্রশস্ত রাস্তা (নিউ এভিনিউ-২, প্লট- ১২৬২, ৬১৮ হতে সিএসডি, লোকাল মসজিদ-৩ পর্যন্ত) এ্যাসফাল্ট প্ল্যাটের সাহায্যে কার্পেটিং কাজ।	১,৯২,২৭,০২৩/-	মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল	
১৪.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৬ (২য় তলা দক্ষিণ) পার্শ্বের ২টি বাথরুমের পানির লাইন পুনঃস্থাপন ও ১টি রুম রংকরণ।	৪৬,৯৩১/-	পরিত্যক্ত সম্পত্তির সংশ্লিষ্ট তহবিল	

আলোচনা :

ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত :

সভায় বিস্তারিত আলোচনা শেষে আলোচ্যবিষয়-২৩ এর ১৪টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০ ও ১২এ বর্ণিত ১০(দশ)টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-৬, ১১ ও ১৩ এ বর্ণিত ০৩(তিন)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। ক্রমিক নং-১৪ এর প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।



## আলোচ্যবিষয়-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসঙ্গে ৪-

ক্রঃ নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা)	Responsive Tenderer	উদ্ধৃত দর (টাকা)	ব্যয়ের খাত	মন্তব্য
১.	সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেসারামত ও রক্ষণাবেক্ষন কাজ।	৭,০২,৬০৬/-	মেসার্স জামাল স্টীল কর্পোরেশন	৭,৩৬,২১০/-	হাসপাতালের নৈমিত্তিক খাত	
২.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ড্রেন নির্মাণ, কার পার্কিং ও সৌন্দর্য বর্ধন কাজ।	১৮,৫৪,৩০৫/-	মেসার্স সৈয়দ রোমায়েল হোসেন (রাফি) এন্টারপ্রাইজ	১৮,৫৪,০১৭/-	বোর্ড তহবিল	
৩.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৯৭ নিচতলা সংস্কার/মেসারামত ও রংকরণ কাজ।	৬২,৯৯২/-	মেসার্স এমএন্ডএম এন্টারপ্রাইজ	৬৬,০৪৭/-	পরিত্যক্ত সম্পত্তির খাত	
৪.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডে ৭৫ মিমি ডায়া পানির লাইন স্থাপন কাজ।	১,১৯,১৪৩/-	মেসার্স এসএস ড্রেডার্স	১,১৯,১৪৩/-	মেসারামত ও রক্ষণাবেক্ষন (পানি)	
৫.	মহাখালী ডিওএইচএস এলাকার পার্কে আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজ।	২৪,২৪,৩২০/-	মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং	২৪,২৪,৩২০/-	সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল	
৬.	বিমান বাহিনী নিয়ন্ত্রিত এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণ সহায়ক সামগ্রী সরবরাহকরণ কাজের	৩,৮০,৫৩০/-	মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং	৩,৭৯,৯৯০/-	জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেসারামত ও রক্ষণাবেক্ষন)	
৭.	সিএসডি ব্রডওয়ে বিল্ডিং এর সামনে এবং হাজী মহসিনের সম্মুখে স্টেশন মেস-বি এর রাস্তায় অতি বৃষ্টির কারণে সৃষ্ট গর্ত মেসারামত ও কাপেটিং কাজ।	৩,১৪,৯৬৩/-	মেসার্স সিফাত এন্টারপ্রাইজ	৩,১৪,৯৬৩/-	রাস্তাঘাট মেসারামত ও রক্ষণাবেক্ষন	
৮.	মুসলিম মডার্ণ একাডেমির দক্ষিণ-পূর্ব কর্ণারের গেইট হতে রজনীগন্ধা সুপার মার্কেটের(শহীদ বদিউজ্জামান রোড) এর স্বাধীনতা সরণির সংযোগ পর্যন্ত রাস্তা উঁচুকরণসহ ফুটপাথ নির্মাণ কাজ।	৬৮,৯৯,৮১৩/-	মেসার্স এমএন্ডএম এন্টারপ্রাইজ	৬৮,৯৯,৮১৩/-	বোর্ডের স্থানীয় আয়	
৯.	শহীদ জহাঙ্গীর গেইটের সম্মুখে ফুটপাথের উপর বেরিয়ার উঁচুকরণ, স্পাইক বেরিয়ার ও জিআই পাইপের রেলিং মেসারামত, সিএমএইচ এর সম্মুখে রেলিং মেসারামত ও সেনাভবনের পশ্চিম পার্শে গ্রীল ওয়েল্ডিংকরণ।	৬৮,৭৮০/-	মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং	৬৮,৭৮০/-	জনসাধারণের উন্নয়নমূলক (মেসারামত ও রক্ষণাবেক্ষন)	
১০.	ঢাকা সেনানিবাসের প্রধান সড়কে বিদ্যমান ০৭টি ডিজিটাল স্পীড চেক রাডার এবং ১০টি ডিজিটাল ক্রলবার বাৎসরিক (নভেম্বর ২০১৭ হতে জুন ২০১৮ পর্যন্ত=০৮ মাস) মেসারামত ও রক্ষণাবেক্ষন কাজ।	৩,৯৪,০০০/-	মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ (মনিপুরীপাড়া)	৩,৯৪,০০০/-	বিদ্যুৎ শাখার মেসারামত ও রক্ষণাবেক্ষন খাত	
১১.	জিয়া কলোনী এমপি চেকপোস্ট হতে পশ্চিম দিকে শহীদ সরণি সংযোগ পর্যন্ত ফ্ল্যাটভারের নিচে) আইল্যান্ডের চেইন, পাইপ, ফুটপাথ ও আইল্যান্ডের উভয় পার্শে রংকরণ কাজ।	২,৯৯,৪৮৮/-	মেসার্স বি এম ড্রেডার্স	২,৯৯,৪৮৮/-	জনসাধারণের উন্নয়নমূলক (মেসারামত ও রক্ষণাবেক্ষন)	

১২.	ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৫৪ সাল থেকে অদ্যাবধি অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী স্ক্যানিং, কপি ও বৎসর ভিত্তিক বাঁধাইকরণ কাজ।	১,২৪,০০০/-	আলী প্রেস	১,২৪,০০০/-	প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত
১৩.	মহাখালী ডিওএইচএস এলাকার পার্কে ভাঙ্গা/ জরাজীর্ণ পোল ও তার পরিবর্তনকরণ কাজ।	১,৯৯,৬৭১/-	মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ	১,৯৯,৬৭১/-	সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল
১৪.	সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের জন্য পেশেন্ট ট্রলী, ডাষ্টবিন ট্রলি ও লিলেন ট্রলি সরবরাহকরণ।	১,৬০,০০০/-	মেসার্স আমিন ব্রাদার্স	১,৬০,০০০/-	হাসপাতালের নৈমিত্তিক খাত

আলোচনা : আলোচ্য বিষয়-২৪ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাস্তব খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : ২৪.১। আলোচ্য বিষয়-২৪ এর ১৪ (চৌদ্দ)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।  
 ২৪.২। ক্রমিক নং-১, ৪, ৬, ৭, ৯, ১০, ১১, ১২ ও ১৪এ উল্লেখিত ০৯(নয়)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।  
 ২৪.৩। ক্রমিক নং-২, ৫, ৮ ও ১৩ এ উল্লেখিত ০৪(চার)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রয়োজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।  
 ২৪.৪। ক্রমিক নং-৩ এ উল্লেখিত ০১(এক)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদনের জন্য পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা সভার অনুমোদন গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৫ঃ ভাষণটেক চেকপোস্ট হতে শহীদ সরণি সংযোগ পর্যন্ত ১১৫০'-০" লম্বা রাস্তাটির প্রস্থ ৫'-০" বর্ধিতকরণসহ এক পার্শ্বে ফুটপাথ নির্মাণ কাজের কার্যাদেশ বাতিলকরতঃ সংশোধিত মূল্যানুমান প্রস্তুত প্রসংগে।

আলোচনা : ভাষণটেক চেকপোস্ট হতে শহীদ সরণি সংযোগ পর্যন্ত ১১৫০'-০" লম্বা রাস্তাটির প্রস্থ ৫'-০" বর্ধিতকরণসহ এক পার্শ্বে ফুটপাথ নির্মাণ কাজের জন্য অত্র দপ্তরের ০৮ অক্টোবর ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৬৮২/৪০ নং পত্রের মাধ্যমে মেসার্স নাজিম এন্টারপ্রাইজকে মোট ২৭,৮৪,২৩৭/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। সরজমিন পরিদর্শনে দেখা যায় যে রাস্তা বর্ধিতকরণসহ ফুটপাথ নির্মাণ অংশে ছোট/বড় প্রায় ৬১টি মেহগনি গাছ বিদ্যমান রয়েছে। উক্ত নির্মাণ কাজ সম্পন্ন করতে হলে সকল গাছ কর্তন/অপসারণ করা প্রয়োজন হবে বিধায় নির্মাণ কাজ করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় কার্যাদেশটি বাতিল করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ভাষণটেক চেকপোস্ট হতে শহীদ সরণি সংযোগ পর্যন্ত ১১৫০'-০" লম্বা রাস্তাটির প্রস্থ ৫'-০" বর্ধিতকরণসহ এক পার্শ্বে ফুটপাথ নির্মাণ কাজের কার্যাদেশ বাতিলকরতঃ সংশোধিত মূল্যানুমান প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৬ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ৪৭১ নং প্লটে ০৬ তলা ভবন নির্মাণ কাজের সময়সীমা বর্ধিতকরণ প্রসংগে সংশ্লিষ্ট প্লট মালিক এর ১৮ অক্টোবর ২০১৭ তারিখের আবেদনপত্র।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এলাকার ৪৭১ নং প্লটে অত্র দপ্তরের ৩০ ডিসেম্বর ১৯৯৯ তারিখের ঢাক্যাবো/জেনারেল/প্লট নং-৪৭১/মহাখালী/ডিওএইচএস/১৫ নং পত্রের মাধ্যমে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। তিন তলা পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন করার পর অর্থের অভাবে অবশিষ্ট কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি মর্মে আবেদনপত্রের মাধ্যমে জানানো হয়েছে। বর্তমানে অনুমোদিত নকশা অনুযায়ী অবশিষ্ট কাজ সম্পন্ন করার লক্ষ্যে নির্মাণ কাজের সময়সীমা বর্ধিতকরণের জন্য সংশ্লিষ্ট প্লট মালিক ১৮ অক্টোবর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকার ৪৭১ নং প্লটে তৃতীয় তলার উপর অবশিষ্ট নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য ৩১ অক্টোবর, ২০১৮ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর সময় বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৭ঃ ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৮.২, ১৮.৩, ১৮.৪, ১৮.৬, ১৮.১২, ১৮.১৩ এর বিপরীতে গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে আভ্যন্তরীণ পরিবর্তন (Architectural change) এর ক্ষেত্রে নকশা এমআইএসটি কর্তৃক ভেটিং প্রসংগে-এ বিষয়ে ১৮.৩ এ বর্ণিত ১০২২ নং প্লট মালিক লেঃ কর্ণেল (অবঃ) ফরিদুল মাহমুদ এর ২৩/১০/২০১৭ তারিখের আবেদনপত্রটি উপস্থাপন করা হলো।

আলোচনা : গত ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৮ এর মাধ্যমে আভ্যন্তরীণ পরিবর্তনের নকশা অনুমোদনের ক্ষেত্রে এমআইএসটি কর্তৃক ভেটিং করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার ১৮.৩ নং সিদ্ধান্তের মাধ্যমে মিরপুর ডিওএইচএস ১০২২ নং প্লটের আভ্যন্তরীণ পরিবর্তনের নকশা এমআইএসটি কর্তৃক ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু মিরপুর ডিওএইচএস এর ১০২২ নং প্লটের বরাদ্দলাভকারী লেঃ কর্ণেল (অবঃ) ফরিদুল মাহমুদ ২৩/১০/২০১৭ তারিখের আবেদনে আভ্যন্তরীণ পরিবর্তনের নকশাটি এমআইএসটি কর্তৃক ভেটিং ব্যতিরেকে অনুমোদনের জন্য অনুরোধ জানিয়েছেন।

সিদ্ধান্ত : প্রস্তবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ১০২২ নং প্লটের বরাদ্দলাভকারী লেঃ কর্ণেল (অবঃ) ফরিদুল মাহমুদ এর আবেদনটি বিবেচনা না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করতে হবে।

আলোচ্যবিষয়-২৮ঃ ঢাকা সেনানিবাসের নিম্নবর্ণিত জরুরী কাজ সম্পাদনের জন্য প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত মূল্যানুমান ঘটনোত্তর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	কাজের নাম	মূল্যানুমান এমআইএস সিভিল অর রেইটস, ২০১৬ অনুযায়ী (টাকা)	ব্যয়ের খাত	মন্তব্য
১.	মিরপুর ক্যান্টনমেন্টের ময়লা খানার ধসে যাওয়া রাস্তা মেরামত কাজ।	১৯,৭৬,৮৫০/-	বোর্ডের স্থানীয় আয়	১৮/১০/২০১৭ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত হয়েছে। ঘটনোত্তর অনুমোদন।
২.	মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ফুটপাথ নির্মাণ, বাউন্ডারী ওয়াল নির্মাণ ও অন্যান্য (৩নং মসজিদের পার্শ্ব পার্ক ও প্লে গ্রাউন্ড) কাজ।	৩,৬১,৯৮১/-	মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল	২৩/১০/২০১৭ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত হয়েছে। ঘটনোত্তর অনুমোদন।
৩.	মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৬/এ (নিউ এভিনিউ-২ এবং প্লট নং-১৩২৩, ১৩৪৫, ১৩৫১, ওয়াসা) এর কাপেটিং (প্লাস্ট মেথডে) কাজ।	৩২,৩৫,৮০২/-	মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল	২৩/১০/২০১৭ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত হয়েছে। ঘটনোত্তর অনুমোদন।
৪.	মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৫ আংশিক (নতুন ১৩ এবং প্লট নং-৮৭১, ১৩২২, ৮৫৯, ৯১৮) এর কাপেটিং (প্লাস্ট মেথডে) কাজ।	২৮,৪৯,৬১০/-	মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল	২৩/১০/২০১৭ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত হয়েছে। ঘটনোত্তর অনুমোদন।

আলোচনা : ঢাকা সেনানিবাসের কয়েকটি কাজ জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে মূল্যানুমান অনুমোদন করা হয়েছে। ঘটনোত্তর অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যমে অনুমোদিত মূল্যানুমানসমূহ ঘটনোত্তর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৯ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১৭ উপলক্ষে আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ১৫/১০/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩.১৫৯.০১.১৫.১০.১৭ নং পত্রের প্রেক্ষিতে নিম্নবর্ণিত মালামাল সরবরাহের জন্য ২০,০৯,৩৩০/- (বিশ লক্ষ নয় হাজার তিনশত ত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
১.	রোড ডিভাইডার	৫০০টি	১৩০০/-	৬,৫০,০০০/-
২.	রং (সাদা, কালো ও লাল)	৩০ গ্যালন	৬২৫/-	১৮,৭৫০/-
৩.	নাইলনের রশি	৮০ কেজি	৩৫১/-	২৮,০৮০/-

৪.	হানিকম্ব টেপ (লাল)	১২৫০ বর্গ ফুট	৩৫০/-	৪,৩৭,৫০০/-
৫.	হানিকম্ব টেপ (হলুদ)	১২৫০ বর্গ ফুট	৩৫০/-	৪,৩৭,৫০০/-
৬.	হানিকম্ব টেপ (সাদা)	১২৫০ বর্গ ফুট	৩৫০/-	৪,৩৭,৫০০/-
			মোট=	২০,০৯,৩৩০/-

আলোচনা : সশস্ত্র বাহিনী দিবস-২০১৭ উপলক্ষে আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ১৫/১০/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩.১৫৯.০১.১৫.১০.১৭ নং পত্রের মাধ্যমে নিম্নবর্ণিত মালামাল সরবরাহের জন্য অনুরোধ করা হয়েছে। উক্ত মালামাল সরবরাহের জন্য ২০,০৯,৩৩০/- (বিশ লক্ষ নয় হাজার তিনশত ত্রিশ) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : সশস্ত্র বাহিনী দিবস-২০১৭ উপলক্ষে আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসকে বিভিন্ন মালামাল সরবরাহের জন্য ২০,০৯,৩৩০/- (বিশ লক্ষ নয় হাজার তিনশত ত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৩০ঃ নৌ বাহিনী এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণ সহায়ক সামগ্রী সরবরাহের জন্য বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাসের ০৮/১০/২০১৭ তারিখের ২৩.০২.২৬০৮.২১১.১৮.৭৭১.১৭.৭৩৪৮ নং পত্রের প্রেক্ষিতে নিম্নবর্ণিত মালামাল সরবরাহের জন্য ৩,১৮,০২০/- (তিন লক্ষ আঠার হাজার বিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্র/নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
১.	সাইনবোর্ড (হর্ণ বাজানো নিষেধ)	০২ টি	৭,৫০০/-	১৫,০০০/-
২.	সাইনবোর্ড {গতি সীমিত (২০কিঃমিঃ)}	০৪ টি	৭,৫০০/-	৩০,০০০/-
৩.	সাইনবোর্ড (ইউটার্ণ)	০২টি	৭,৫০০/-	১৫,০০০/-
৪.	সাইনবোর্ড (ইউটার্ণ নিষেধ)	০২টি	৭,৫০০/-	১৫,০০০/-
৫.	সাইনবোর্ড (ডানে মোড়)	০১ টি	৭,৫০০/-	৭,৫০০/-
৬.	সাইনবোর্ড {পার্শ্ব রাস্তা (T টাইপ)}	০৩ (বামে মোড়-০২ টি, ডানে মোড়-০১টি)	৭,৫০০/-	২২,৫০০/-
৭.	সাইনবোর্ড (দর্শনার্থী পার্কিং)	০১টি	৭,৫০০/-	৭,৫০০/-
৮.	সাইনবোর্ড (ধীরে চলুন)	০২টি	৭,৫০০/-	১৫,০০০/-
৯.	সাইনবোর্ড (গতি সীমিত রাখুন)	০৪ টি	৭,৫০০/-	৩০,০০০/-
১০.	প্লাস্টিক কোন	৫০ টি	১,২০০/-	৬০,০০০/-
১১.	আরসিসি কোন	২০ টি	২,২০০/-	৪৪,০০০/-
১২.	লাইলনের রশি	২০ কেজি	৩৫১/-	৭,০২০/-
১৩.	ফ্লোরোসেন্ট টেপ (সাদা)	৩০ বর্গফুট	৪০০/-	১২,০০০/-
১৪.	ফ্লোরোসেন্ট টেপ (হলুদ)	৩০ বর্গফুট	৪০০/-	১২,০০০/-
১৫.	ফ্লোরোসেন্ট টেপ (লাল)	৩০ বর্গফুট	৪০০/-	১২,০০০/-
১৬.	জিকজ্যাক সিগন্যাল রোড লাইট	০৫ টি	২,৭০০/-	১৩,৫০০/-
			মোট=	৩,১৮,০২০/-

আলোচনা : নৌ বাহিনী এলাকায় নিম্নবর্ণিত ট্রাফিক নিয়ন্ত্রণ সহায়ক সামগ্রী সরবরাহের জন্য বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাসের ০৮/১০/২০১৭ তারিখের ২৩.০২.২৬০৮.২১১.১৮.৭৭১.১৭.৭৩৪৮ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। উক্ত মালামাল সরবরাহের জন্য ৩,১৮,০২০/- (তিন লক্ষ আঠার হাজার বিশ) টাকা ব্যয় হবে। এ কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : নৌ বাহিনী এলাকায় বিভিন্ন ধরনের ট্রাফিক নিয়ন্ত্রণ সহায়ক সামগ্রী সরবরাহের জন্য ৩,১৮,০২০/- (তিন লক্ষ আঠার হাজার বিশ) টাকার ব্যয়ের অনুমোদনের প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।



আলোচ্যবিষয়-৩১ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস বিক্রির নিমিত্তে ৭০০ ব্রোশিওর (Brochure) ছাপানোর জন্য ৩,৪৫,০০০/- (তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস বিক্রির নিমিত্তে ইতোপূর্বে প্রস্তুতকৃত ব্রোশিওর (Brochure) শেষ হয়ে যাওয়ায় বর্তমানে অবশিষ্ট দোকান ইজারার জন্য দরপত্র বিজ্ঞপ্তি প্রচার করা যাচ্ছে না। অবশিষ্ট দোকান ইজারার জন্য ৭০০ ব্রোশিওর (Brochure) ছাপানোর নিমিত্তে আনুমানিক ৩,৪৫,০০০/- (তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর আয় হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস বিক্রির নিমিত্তে ৭০০ ব্রোশিওর (Brochure) ছাপানোর জন্য ৩,৪৫,০০০/- (তিন লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর আয় হতে সংকুলান করা হবে।

আলোচ্যবিষয়-৩২ঃ কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-০৭৪৯ এর মেরামত কাজের জন্য বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় বিএএফ বেস বঙ্গবন্ধু কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : বিএএফ বেস বঙ্গবন্ধু এলাকায় নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-০৭৪৯ এর মেরামত কাজের জন্য নিম্নবর্ণিত যন্ত্রাংশ প্রয়োজন এবং উক্ত যন্ত্রাংশ ক্রয় ও স্থাপনের জন্য আনুমানিক ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে :-

ক্র/নং	বিবরণ	পরিমাণ	দর	মোট টাকা
১.	গিয়ার বক্স মেরামত	০১টি	২৪০০০.০০	২৪০০০.০০
২.	পিছনের বডি মেরামত, চেসিস পরিবর্তন এবং সম্পূর্ণ গাড়ী রং করন বাবদ	০১টি	৭৭০০০.০০	৭৭০০০.০০
৩.	কেবিন ও দরজা মেরামত	--	৪৫৫০০.০০	৪৫৫০০.০০
৪.	ক্লাস প্লেট	০১টি	৭১৫০.০০	৭১৫০.০০
৫.	প্রেসার প্লেট	০১টি	৯০০০.০০	৯০০০.০০
৬.	ড্রাইভিং ও পাসের সীট মেরামত	--	১১৪০০.০০	১১৪০০.০০
৭.	সম্পূর্ণ গাড়ীর লাইট, বাম্ব ও ওয়্যারিং বাবদ	--	৭০০০.০০	৭০০০.০০
৮.	এক্সলেটরের কেবিল	০১টি	৯৫০.০০	৯৫০.০০
৯.	ব্রেকের কাজ	০১টি	১৩০০০.০০	১৩০০০.০০
১০.	লুকিং গ্লাস	০২টি	৪০০.০০	৮০০.০০
১১.	ক্রস বেয়ারিং	০২টি	৯০০.০০	১৮০০.০০
১২.	সেন্টার বেয়ারিং	০১টি	৭০০.০০	৭০০.০০
১৩.	টাইরড	০১সেট	১২০০.০০	১২০০.০০
			মোট =	১,৯৯,৫০০.০০

সিদ্ধান্ত : বিএএফ বেস বঙ্গবন্ধু এলাকার কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ট্রাক নং-১১-০৭৪৯ এর মেরামত কাজের জন্য বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিএএফ বেস বঙ্গবন্ধু কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩৩ঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবরেটরীর জন্য রিলায়েন্স সলিউশন লিঃ কোম্পানী কর্তৃক প্রদত্ত বায়োক্যামেস্ট্রি (অটোমেটেড) মেশিন এর পরিবর্তে অন্যান্য মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহ করণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবরেটরীর জন্য গত ০৫/০৬/২০১২ তারিখে রিলায়েন্স সলিউশন লিঃ কোম্পানী হতে বায়োক্যামেস্ট্রি (অটোমেটেড) মেশিন সরবরাহ করা হয়। মেশিনটি সরবরাহ করার সময় স্যাম্পল ট্রে সরবরাহ না করায় সরবরাহের তারিখ হতে

অদ্যাবধি মেশিনটি চালু করা সম্ভব হয় নাই বিধায় হাসপাতাল আর্থিক ও কাজিত সেবা প্রদান কার্যক্রম হতে বঞ্চিত হয়েছে। মেশিনটি চালু করার নিমিত্ত একাধিকবার রিলায়েন্স সলিউশন লিঃ এর সাথে পত্রালাপ করা হলেও কোম্পানী কর্তৃক ট্রে সরবরাহ করা সম্ভব হয়নি। উক্ত বিষয়টি নিষ্পত্তি করণের লক্ষ্যে গত ১০/১১/২০১৭ তারিখে অত্র দপ্তরের ঢাক্যাবো/এমএস/১২২/২৭ নং পত্রের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)। গঠিত কমিটি ১৬/১০/২০১৭ তারিখে প্রতিবেদন দাখিল করেন। উক্ত কমিটি রিলায়েন্স সলিউশন লিঃ কে Biochemistry Analyzer (Automated) ফেরৎ প্রদান করেতার নিকট হতে সমমূল্যের একটি মেশিন অথবা হাসপাতালের ল্যাবরেটরীর চাহিদা অনুযায়ী উক্ত মেশিনের সমমূল্যের ইলেক্ট্রোমেডিকেল সরঞ্জামাদি গ্রহণ করার জন্য মত প্রদান করেন। উল্লেখ্য যে উক্ত বিষয়ে রিলায়েন্স সলিউশন লিঃ সম্মত হয়েছেন বলে পর্ষদ উল্লেখ করেছেন (প্রতিবেদন)।

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ১০/১১/২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডেরঢাক্যাবো/এমএস/১২২/২৭ নং পত্রের মাধ্যমে গঠিত কমিটির প্রস্তাব মোতাবেক বায়োক্যামেস্ট্রি (অটোমেটেড) মেশিন এর পরিবর্তে অন্যান্য মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহ নেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৪: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পোস্ট অপারেটিভ রুম, ওয়ার্ড ও কেবিন ভাড়া বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে হাসপাতালের ২৯ অক্টোবর, ২০১৭ তারিখের এসকেএমসিবিজিএইচ/১৪২ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা : সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এর পাশাপাশি হাসপাতালের আয় বৃদ্ধির লক্ষ্যে নিম্নলিখিত কয়েকটি বিল সামান্য বাড়িয়ে সমন্বয় করা প্রয়োজন যার তুলনামূলক বিবরণী (প্রতিদিনের ভাড়া) নিম্নে প্রদত্ত হলো :-

ক্র/নং	বিষয়	বর্তমান ভাড়া	হাইটেক হাসপাতাল	মার্কস হাসপাতাল	বর্ধিত হার	প্রস্তাবিত ভাড়া (প্রতিদিন)	মন্তব্য
১।	পোস্ট অপারেটিভ ভাড়া	৫০০/-	২৫০০/- *৪৫০০/-	১০০০/-	৮০% **৩০০%	৮০০/- **১৫০০/-	*৪৫০০/- সরাসরি ভর্তির ক্ষেত্রে প্রতিদিন। **১৫০০/- সরাসরি ভর্তির ক্ষেত্রে প্রতিদিন।
২।	ওয়ার্ড ভাড়া	৪০০/-	১৩৮০/-	১০০০/-	২৫%	৫০০/-	
৩।	নন এসি কেবিন	১৫০০/-	২৫০০/-	১৮০০/-	১৩.৫%	১৭০০/-	
৪।	এসি কেবিন	২০০০/-	৩৫০০/-	৩১০০/-	১০%	২২০০/-	
৫।	ডিলাক্স কেবিন	২৫০০/-	৬০০০/-	৬০০০/-	৮%	২৭০০/-	
৬।	VIP ডিলাক্স কেবিন	প্রচলিত নেই	৭০০০/-	৮০০০/-	২০%	৩০০০/-	২৫০০/- টাকার ডিলাক্স কেবিন উন্নয়ন স্বাপেক্ষে (কক্ষ নং ৫১০,৫১১ ও ৫১৪)।

সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে আগত রোগীদের মান সম্পন্ন সেবা প্রদান এবং হাসপাতালের আয়ের ঘাটতি মেটানোর জন্য নিম্নবর্ণিতভাবে অপারেটিভ রুম, ওয়ার্ড ও কেবিন ভাড়া বৃদ্ধির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে :-

ক্র/নং	বিষয়	বর্তমান ভাড়া	পুনর্নির্ধারিত ভাড়া (প্রতিদিন)	মন্তব্য
১।	পোস্ট অপারেটিভ ভাড়া	৫০০/-	৮০০/- **১৫০০/-	**১৫০০/- সরাসরি ভর্তির ক্ষেত্রে প্রতিদিন।
২।	ওয়ার্ড ভাড়া	৪০০/-	৫০০/-	
৩।	নন এসি কেবিন	১৫০০/-	১৭০০/-	
৪।	এসি কেবিন	২০০০/-	২২০০/-	
৫।	ডিলাক্স কেবিন	২৫০০/-	২৭০০/-	
৬।	VIP ডিলাক্স কেবিন	প্রচলিত নেই	৩০০০/-	২৫০০/- টাকার ডিলাক্স কেবিন উন্নয়ন স্বাপেক্ষে (কক্ষ নং ৫১০,৫১১ ও ৫১৪)।

- আলোচ্যবিষয়-৩৫ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আদায় রশিদ (ক্যান্ট-৪-বি) এর ৫০০ (পাঁচশত)টি বহি ছাপানো বাবদ ৫৫,০০০/- (পঞ্চগ্ন হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- আলোচনা : অটোকার্বনসহ ৫০০টি ক্যান্টনমেন্ট বোর্ডের আদায় রশিদ (ক্যান্ট-৪-বি) বহি ছাপানোর জন্য প্রতিটি ১১০/- (একশত দশ) টাকা হিসেবে ৫৫,০০০/- (পঞ্চগ্ন হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় মুদ্রণ খাত হতে সংকুলান করা হবে।
- সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের আদায় রশিদ (ক্যান্ট-৪-বি) এর ৫০০ (পাঁচশত)টি বহি ছাপানো বাবদ ৫৫,০০০/- (পঞ্চগ্ন হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের মুদ্রণ খাত হতে সংকুলান করতে হবে।

- আলোচ্যবিষয়-৩৬ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার গৃহকর কমানোর বিষয়ে জনাব মোঃ রুস্তম আলী সরকার, সাধারণ সম্পাদক, কচুক্ষেত সমাজ কল্যাণ সোসাইটির ২৯ অক্টোবর, ২০১৭ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

- আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ কচুক্ষেত পুরান বাজার এলাকার বাড়ী/ফ্ল্যাটের হোল্ডিং ট্যাক্স ইতোপূর্বে মাসিক ভাড়া ভিত্তিতে সিটি কর্পোরেশনের ন্যায় বার্ষিক মূল্যানুমানের উপর ১২.৫% হারে গৃহকর নির্ধারণ করা হত। কচুক্ষেত এলাকার হোল্ডিং ট্যাক্স পুনঃনির্ধারণ করার বিষয়ে বাড়ী/ফ্ল্যাটের পরিমাপ করার জন্য ০৪(চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক কচুক্ষেত এলাকায় সরেজমিনে পরিদর্শন করে প্রতিটি বাড়ী/ফ্ল্যাটের পরিমাপ করে একটি তালিকা/প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন। বিষয়টি ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৪২ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড কচুক্ষেত পুরান বাজার এলাকার আবাসিক ভবনের ক্ষেত্রে প্রতি বর্গফুট ০৫/- (পাঁচ) টাকা, টিনশেড বাড়ীর ক্ষেত্রে ০৩/- (তিন) টাকা এবং কমাশিয়াল ভবন/দোকানের ক্ষেত্রে ০৮/- (আট) টাকা হারে গৃহকর ধার্য করার সর্বসম্মত সিদ্ধান্ত প্রদান করে। উক্ত সিদ্ধান্তের আলোকে কচুক্ষেত এলাকায় ২০১৭-২০১৮ আর্থিক সাল হতে বর্গফুট হিসেবে গৃহকর ধার্য করা হচ্ছে। বর্তমান ধার্যকৃত গৃহকর কমানোর জন্য হাজী মোঃ রুস্তম আলী সরকার, সাধারণ সম্পাদক, কচুক্ষেত সমাজ কল্যাণ সোসাইটি ২৯ অক্টোবর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এ প্রসঙ্গে বর্তমান বিদ্যমান ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন অন্যান্য এলাকায় নিম্নবর্ণিত গৃহকরের তুলনামূলক চিত্র উপস্থাপন করা হয়ঃ-

ক্রমিক নং	এলাকার নাম	ভাড়ার ক্ষেত্রে ধার্যকৃত গৃহকরের হার (প্রতি বর্গফুট) (টাকা)	নিজ বসতির ক্ষেত্রে গৃহকরের হার
১.	বনানী ডিওএইচএস	৪.২২	(ক) সামরিক ২৫৪০ বর্গফুটের জন্য ৬,৫০০/- (খ) বেসামরিক ২৫৪০ বর্গফুটের ৭,৫০০/-
২.	মহাখালী ডিওএইচএস	৪.২২	-ঐ-
৩.	বারিধারা ডিওএইচএস	৪.০০	-ঐ-
৪.	মিরপুর ডিওএইচএস	৩.০০	-ঐ-
৫.	ক্যান্টনমেন্ট বাজার এলাকা	বাণিজ্যিক-৮.০০, আবাসিক- ৬.০০	বাৎসরিক মূল্যায়নের উপর ৪০% বাদ দিয়ে
৬.	কচুক্ষেত পুরান বাজার	বাণিজ্যিক-৮.০০ আবাসিক- ৫.০০ টিনশেড- ৩.০০	ভাড়ার অনুরূপ

- সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে কচুক্ষেত পুরান বাজার এলাকায় নিম্নবর্ণিত হারে গৃহকর নির্ধারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

- (ক) বাণিজ্যিক- প্রতি বর্গফুট ৬/- (ছয়) টাকা  
(খ) আবাসিক- প্রতি বর্গফুট ৪/- (চার) টাকা  
(গ) টিনশেড- প্রতি বর্গফুট ৩/- (তিন) টাকা



আলোচ্যবিষয়-৩৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত রিকশা লাইসেন্স নকল প্রতিরোধের জন্য বিশেষ নিরাপত্তা স্টীকারসহ রিকশা নম্বর প্লেট সরবরাহ প্রসংগে।

আলোচনা :

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত রিকশা লাইসেন্স নকল করে সেনানিবাস এলাকায় চলাচলের সময় প্রায়শই মিলিটারী পুলিশ কর্তৃক আটক করা হলেও এ প্রবণতা বন্ধ হচ্ছে না। তাই গত ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার নির্দেশনা মোতাবেক বিশেষ নিরাপত্তা স্টীকারসহ রিকশা নম্বর প্লেট প্রস্তুত করা হয়েছে। বিশেষ নিরাপত্তা স্টীকারসহ প্রতিটি রিকশা নম্বর প্লেট তৈরীতে ৪৯০/- (চার শত নব্বই) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় রাজস্ব শাখা এবং প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে। প্রস্তুতকৃত রিকশা নম্বর প্লেটের নমুনাসভায় প্রদর্শন করা হয়। এছাড়াও উক্ত সভায় ঢাকা সেনানিবাস এলাকার পরিধি ও বাসিন্দাদের চাহিদা বিবেচনা করে রিকশা লাইসেন্স এর সংখ্যাও বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

৩৭.১। বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত রিকশা লাইসেন্স নকল প্রতিরোধের জন্য বিশেষ নিরাপত্তা স্টীকারসহ রিকশা নম্বর প্লেট সরবরাহ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও ঢাকা সেনানিবাস এলাকার পরিধি ও বাসিন্দাদের চাহিদা বিবেচনা করে ১০০০ (এক হাজার)টি রিকশা লাইসেন্স নিম্নবর্ণিত শর্তে ইস্যু করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো :-

১. কোন একক ব্যক্তির অনুকূলে একের অধিক রিকশা লাইসেন্স ইস্যু করা যাবে না।
২. ইতোপূর্বে যাদেরকে রিকশা লাইসেন্স ইস্যু করা হয়েছে তাদেরকে বিশেষ নিরাপত্তা সম্বলিত স্টীকার প্রদান করা হবে যাতে মোবাইল ফোন এ্যাপের মাধ্যমে তাদের সঠিকতা যাচাই করা যায়।
৩. লাইসেন্স প্রাপ্ত রিকশার হুড লাল রঙের হবে।
৪. রিকশা চালকদের হলুদ রঙের কাটি পরতে হবে।
৫. রিকশার সম্মুখে ক্যান্টনমেন্ট বোর্ডের মনোখামযুক্ত নম্বর প্লেট প্রদর্শন করতে হবে।
৬. প্রতিটি রিকশার পিছনে নির্ধারিত ভাড়ার তালিকা সংযুক্ত করতে হবে।
৭. ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত বিশেষ নিরাপত্তা সম্বলিত আইডি কার্ড রিকশা চালকদের গলায় ঝুলাতে হবে।
৮. রিকশা চালকগণ যাত্রীর গম্ভব্যস্থলে নির্ধারিত ভাড়ায় যেতে বাধ্য থাকবেন।
৯. রিকশা মালিকগণ রিকশা চালকদের নিকট হতে দৈনিক ১০০/- (একশত) টাকার বেশী জমা আদায় করতে পারবেন না।
১০. রাতে হ্যারিকেন জ্বালিয়ে রিকশা চালাতে হবে।
১১. অনুমোদিত রাস্তা ব্যতীত অন্য কোন রাস্তায় রিকশা চালানো যাবে না।
১২. রিকশা চালকের মাধ্যমে সেনানিবাস এলাকায় কোন অপ্রীতিকর ঘটনা সংঘটিত হলে এর যাবতীয় দায়ভার রিকশা লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিকে বহন করতে হবে।

৩৭.২। বিশেষ নিরাপত্তা স্টীকারসহ ১০০০ (এক হাজার)টি রিকশা নম্বর প্লেট তৈরীর জন্য প্রতিটি ৪৯০/- (চার শত নব্বই) টাকা হারে ৪,৯০,০০০/- (চার লক্ষ নব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় রাজস্ব শাখা এবং প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩৮ঃ সেনাকুঞ্জ এবং স্বাধীনতা সরণির বৈদ্যুতিক পিলারে ফুলগাছের রিং স্থাপনের জন্য জিআই পাইপ, এ্যাংগেল এবং রড দ্বারা রিং তৈরী ও ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ৮,৮২,৬০০/- (আট লক্ষ বিরাশি হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি, নেভী ও বিমান বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা :

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ	দর (টাকা)	মোট টাকা
১.	লিপস্টিক (অরকিড)	৭৫০ টি	৭৮৮/-	৫,৯১,০০০/-
২.	জিআই পাইপ দ্বারা রিং তৈরী ও ফিটিং	১৫০টি	১৯৪৪/-	২,৯১,৬০০/-
মোট =				৮,৮২,৬০০/-

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে সেনাকুঞ্জ এবং স্বাধীনতা সরণির বৈদ্যুতিক পিলারে ফুলগাছের রিং স্থাপনের জন্য জিআই পাইপ, এ্যাংগেল এবং রড দ্বারা রিং তৈরী ও ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ৮,৮২,৬০০/- (আট লক্ষ বিরাশি হাজার ছয়শত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি, নেভী ও বিমান বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩৯ঃ স্বাধীনতা সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সেনাকুঞ্জ পর্যন্ত রোপণের জন্য ফুলগাছ ক্রয়ের নিমিত্তে ১,৯৮,০০০/- (এক লক্ষ আটানব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা :

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ	দর (টাকা)	মোট টাকা
১.	সালভিয়া	২০০০টি	৫০/-	১,০০,০০০/-
২.	ডায়াহুয়াস	২০০০টি	৪৯/-	৯৮,০০০/-
মোট =				১,৯৮,০০০/-

সিদ্ধান্ত :

স্বাধীনতা সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সেনাকুঞ্জ পর্যন্ত রোপণের জন্য ফুলগাছ ক্রয়ের নিমিত্তে ১,৯৮,০০০/- (এক লক্ষ আটানব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৪০ঃ ঢাকা সেনানিবাসের শহীদ সরণি ও সেনাকুঞ্জে রোপণের জন্য ৪,৫০০টি (১) সালভিয়া, (২) কসমস ও (৩) টরেনিয়া ফুলগাছ ক্রয়ের নিমিত্তে ১,৯০,০০০/- (এক লক্ষ নব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা :

ঢাকা সেনানিবাসের শহীদ সরণি ও সেনাকুঞ্জে রোপণের জন্য ৪,৫০০টি (১) সালভিয়া, (২) কসমস ও (৩) টরেনিয়া ফুলগাছ ক্রয়ের নিমিত্তে ১,৯০,০০০/- (এক লক্ষ নব্বই হাজার) টাকা ব্যয় হবেঃ-

ক্র/নং	বিবরণ	পরিমাণ	দর	মোট টাকা
১.	সালভিয়া	১১০০টি	৫০.০০	৫৫০০০.০০
২.	কসমস	১৫০০টি	৫০.০০	৭৫০০০.০০
৩.	টরেনিয়া	১০০০.০০	৬০.০০	৬০০০০.০০
মোট=				১,৯০,০০০.০০

সিদ্ধান্ত :

ঢাকা সেনানিবাসের শহীদ সরণি ও সেনাকুঞ্জে রোপণের জন্য ৪,৫০০টি (১) সালভিয়া, (২) কসমস ও (৩) টরেনিয়া ফুলগাছ ক্রয়ের নিমিত্তে ১,৯০,০০০/- (এক লক্ষ নব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৪১ঃ ঢাকা সেনানিবাসের শহীদ সরণিতে রোপণের জন্য ৪,৫০০টি (১) ডায়াহুয়াস (২) জিনিয়া ও (৩) পিটুনিয়া ফুলগাছ ক্রয়ের নিমিত্তে ১,৯৪,৭০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার সাতশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

আলোচনাঃ

ঢাকা সেনানিবাসের শহীদ সরণিতে রোপণের জন্য নিম্নবর্ণিত ফুল গাছ ক্রয়ের জন্য ১,৯৪,৭০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার সাতশত) টাকা ব্যয় হবেঃ-

ক্র/নং	বিবরণ	পরিমাণ	দর	মোট টাকা
১.	জিনিয়া ফুলসহ গাছ	১৫০০টি	৮০.০০	১২০০০০.০০
২.	ডায়াহুয়াস	১১৫০টি	৪৯.০০	৫৬৩৫০.০০
৩.	পিটুনিয়া	১০৫টি	১৭৫.০০	১৮৩৭৫.০০
মোট=				১,৯৪,৭২৫.০০

সিদ্ধান্ত :

ঢাকা সেনানিবাসের শহীদ সরণিতে রোপণের জন্য ৪,৫০০টি (১) ডায়াহুয়াস (২) জিনিয়া ও (৩) পিটুনিয়া ফুলগাছ ক্রয়ের নিমিত্তে ১,৯৪,৭০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার সাতশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৪২ঃ স্বাধীনতা সরণির শহীদ জাহাঙ্গীর গেট হতে শহীদ বাশার রোডের এমপি চেকপোস্ট পর্যন্ত রোপণের জন্য ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৮,৯৬০/- (এক লক্ষ আটানব্বই হাজার নয়শত ষাট) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনাঃ স্বাধীনতা সরণির শহীদ জাহাঙ্গীর গেট হতে শহীদ বাশার রোডের এমপি চেকপোস্ট পর্যন্ত রোপণের জন্য নিম্নবর্ণিত ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৮,৯৬০/- (এক লক্ষ আটানব্বই হাজার নয়শত ষাট) টাকা ব্যয় হবেঃ-

ক্র/নং	বিবরণ	পরিমাণ	দর	মোট টাকা
১.	জিনিয়া ফুলসহ গাছ (মন্ড)	২৪৮৭টি	৮০.০০	১,৯৮,৯৬০.০০
			মোট=	১,৯৮,৯৬০.০০

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে স্বাধীনতা সরণির শহীদ জাহাঙ্গীর গেট হতে শহীদ বাশার রোডের এমপি চেকপোস্ট পর্যন্ত রোপণের জন্য ফুলগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৮,৯৬০/- (এক লক্ষ আটানব্বই হাজার নয়শত ষাট) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৪৩ঃ স্বাধীনতা সরণির এয়ার হাইজের গেট হতে আজিজপল্লীর গেট পর্যন্ত বিউটি স্পটে রোপণের জন্য হ্যাজ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,২০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার দুইশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা হবে।

আলোচনাঃ স্বাধীনতা সরণির এয়ার হাইজের গেট হতে আজিজপল্লীর গেট পর্যন্ত বিউটি স্পটে রোপণের জন্য নিম্নবর্ণিত হ্যাজ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,২০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার দুইশত) টাকা ব্যয় হবেঃ-

ক্র/নং	বিবরণ	পরিমাণ	দর	মোট টাকা
১.	হলুদ হ্যাজ	১০০০০প্যাকেট	৮.০০	৮০,০০০.০০
২.	লাল বর্ডার হ্যাজ	১০০০০প্যাকেট	৮.০০	৮০,০০০.০০
৩.	পানিকা হ্যাজ	৪৯০০প্যাকেট	৮.০০	৩৯২০০.০০
			মোট=	১,৯৯,২০০.০০

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে স্বাধীনতা সরণির এয়ার হাইজের গেট হতে আজিজপল্লীর গেট পর্যন্ত বিউটি স্পটে রোপণের জন্য হ্যাজ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,২০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার দুইশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৪৪ঃ গত ২৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৪.২ এর সিদ্ধান্তের মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি লোডার ক্রয়ের জন্য গঠিত কমিটির প্রতিবেদন আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

আলোচনাঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার ময়লা আবর্জনা অপসারণের জন্য একটি লোডার ক্রয়ের নিমিত্তে গত ২৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক নিম্নবর্ণিত সুপারিশ পেশ করা হয়েছেঃ-

(১) আর্থিক ও কারিগরী দিক বিবেচনায় Energypac এর JCB 3DX Model এর Loader Bucket এবং Backhole Bucket সম্বলিত Loader ক্রয় করা যেতে পারে। যার বাজার মূল্য আনুমানিক ৩৪,০০,০০০/- (চৌত্রিশ লক্ষ) টাকা।

(২) সরকারী ক্রয় নীতি অনুসরণ করে EOI আকারে দরপ্রদ আহ্বান করার জন্য কমিটি সুপারিশ করছে।

সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার ময়লা আবর্জনা অপসারণের জন্য একটি লোডার ক্রয়ের নিমিত্তে গঠিত কমিটির প্রস্তুতকৃত স্পেসিফিকেশন ও সুপারিশ মোতাবেক সরকারী ক্রয় নীতি অনুসরণ করে EOI আকারে দরপ্রদ আহ্বান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

- আলোচ্যবিষয়-৪৫ঃ সেপ্টেম্বর, ২০১৭ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।  
আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে সেপ্টেম্বর, ২০১৭ মাসে বিভিন্ন খাতে ১,০৭,৭০,৫৭৬/- (এক কোটি সাত লক্ষ সত্তর হাজার পাঁচশত ছিয়াত্তর) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৫,৪৫,৭০,০০০/- (পনের কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকার বিপরীতে সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ৪,৬৩,৫৭,০৮২/- (চার কোটি তেষাট্টি লক্ষ বার সাতান্ন হাজার আটশ বিরাশি) টাকা, যা মোট দাবীর ৩০.০০%।
- সিদ্ধান্ত : রাজস্ব আদায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ এবং ভবিষ্যতে বকেয়া কর আদায়ের হারসহ প্রতিবেদন উপস্থাপনের পরামর্শ প্রদান করা হলো।
- আলোচ্যবিষয়-৪৬ঃ সেপ্টেম্বর, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।  
আলোচনা : সেপ্টেম্বর ২০১৭ মাসে স্থানীয় আয়ের উৎস হতে মোট ১,৮৩,৫৪,৩০১/- (এক কোটি তিরিশি লক্ষ চুয়ান্ন হাজার তিনশত এক) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সেপ্টেম্বর, ২০১৭ মাসে সর্বমোট আয় ১১,৪৯,৫২,৫৬২/- (এগার কোটি ঊনপঞ্চাশ লক্ষ বায়ান্ন হাজার পাঁচশত বাষট্টি) টাকা। অপরদিকে সেপ্টেম্বর ২০১৭ মাসে সর্বমোট ব্যয় ৪,৪০,৪৮,৫০৮/- (চার কোটি চল্লিশ লক্ষ আটচল্লিশ হাজার পাঁচশত আট) টাকা, সমাপনী জের ৭,০৯,০৪,০৫৪/- (সাত কোটি নয় লক্ষ চার হাজার চুয়ান্ন) টাকা।
- সিদ্ধান্ত : সেপ্টেম্বর ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যবিষয়-৪৭ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।  
আলোচনা : ২০১৬-২০১৭ আর্থিক সালের অনুমোদিত বাজেটে স্থানীয় আয়ের লক্ষ্যমাত্রা ২৭,৫০,৫৭,০০০/- (সাতাশ কোটি পঞ্চাশ লক্ষ সাতান্ন হাজার) টাকা হলেও বাস্তবে মোট ৩০,৭৩,৯৬,৮৯৩/- (ত্রিশ কোটি তিয়াত্তর লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত তিরানব্বই) টাকা আয় হয়েছে। অনুদান, বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য এফডিআর ভাঙ্গানো এবং প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৫৫,৮৬,৫৭,৩৮৪/- (পঞ্চাশ কোটি ছিয়াশি লক্ষ সাতান্ন হাজার তিনশত চুরাশি) টাকা। অপরদিকে উক্ত আর্থিক সালে ৫৫,৮০,১৭,৪২৬/- (পঞ্চাশ কোটি আশি লক্ষ সতের হাজার চারশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে এবং সমাপনী স্থিতি ৬,৩৯,৯৫৮/- (ছয় লক্ষ ঊনচল্লিশ হাজার নয়শত আটান্ন) টাকা।
- সিদ্ধান্ত : ২০১৬-২০১৭ আর্থিক সালের আয়-ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যবিষয়-৪৮ঃ সেপ্টেম্বর, ২০১৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।  
আলোচনা : সেপ্টেম্বর, ২০১৭ মাসে স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। তবে বিভিন্ন ইউনিট/সংস্থায় নিজস্ব তত্ত্বাবধানে এন্টিম্যালেরিয়া কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে।
- সিদ্ধান্ত : সেনানিবাসে স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখাসহ মশা-মাছি ও কীট পতঙ্গের উপদ্রব নিয়ন্ত্রণের রাখার জন্য সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের যাতে কোন প্রাদুর্ভাব না ঘটে তা নিশ্চিত করতে হবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যবিষয়-৪৯ঃ সেপ্টেম্বর, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।  
আলোচনা : সেপ্টেম্বর ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ১৪২টি জন্ম নিবন্ধন ও ০৪টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে। উক্ত সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১৫ জনকে দাফন করা হয়েছে। সেপ্টেম্বর ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত জন্ম সনদে জন্ম সাল পরিবর্তনের জন্য ০৪(চার)টি আবেদন জমা পড়ে। যার বিবরণ নিম্নরূপঃ-

ক্রঃ নং	আবেদনকারীর নাম	আবেদনের তারিখ	জন্ম নিবন্ধন নম্বর	নিবন্ধনকৃত জন্ম তারিখ	চাহিত জন্ম তারিখ
১.	মোঃ মহিউদ্দিন	২৫/৯/২০১৭	২০০০২৬২০৮৯৮০০৩৩৬৮	৩১/১২/২০০০	৩১/১২/১৯৯৯
২.	সার্জেন্ট মিজানুর রহমান	২৯/৯/২০১৭	১৯৯৭২৬২০৮৯৮০০৩৪২৫	১১/১১/১৯৯৭	১৭/১১/১৯৯৬

ক্রঃ নং	আবেদনকারীর নাম	আবেদনের তারিখ	জন্ম নিবন্ধন নম্বর	নিবন্ধনকৃত জন্ম তারিখ	চাহিত জন্ম তারিখ
৩.	নূরনাহার ইয়াসমিন	০৮/১০/২০১৭	১৯৯৮২৬২০৮৯৮০০৮১২০	০৪/৯/১৯৯৮	০৪/৯/১৯৯৭
৪.	লেঃ কর্ণেল মোহাম্মদ শফিকুল ইসলাম	১৬/১০/২০১৭	২০০৭২৬৫০৮৯৮০৬৫২৬৬	০২/১০/২০০৭	০২/১০/২০০৯


সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলোঃ-


- ৪৯.১। প্রত্যাশী ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- ৪৯.২। জন্ম সাল সংশোধনের আবেদনপত্রসমূহ ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার অধিকতর যাচাই বাছাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত : পরিশিষ্ট- 'ক'

  
(স্বঃ এম. আব্দুল কাদের)  
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও  
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার  
ঢাকা ক্যান্টনমেন্ট।

  
০৫ Nov ১৭

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)  
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও  
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- (১) ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন  
অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। উপস্থিত
- ও  
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
- (২) গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি)  
অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস। উপস্থিত
- ও  
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
- (৩) কর্নেল মোঃ মাহফুজ আলম, পিএসসি  
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। উপস্থিত
- ও  
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
- (৪) মেজর মইনুল ইসলাম  
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস। উপস্থিত
- ও  
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
- (৫) কর্নেল (অবঃ) মোঃ শহীদুল হক  
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। উপস্থিত
- ও  
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
- (৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ  
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস। উপস্থিত
- ও  
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
- (৭) কাজী হাফিজুল আমিন  
সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়  
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি উপস্থিত
- ও  
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।